এর পূর্বেই দক্ষিণ আফ্রিকায় বসবাসকালীনই তিনি Phoenix Settlement, Tolstoy Farm ইত্যাদি কয়েকটি আশ্রম স্থাপন করেছিলেন। ভারতে ফিরে আসার পর তিনি আহমেদাবাদে (গুজরাট) সবরমতী নদীর তীরে সত্যাগ্রহ আশ্রম স্থাপন করেছিলেন (যেটি সবরমতী আশ্রম নামেই বহুল পরিচিত)। তার পরে তিনি ওয়ার্ধায় (মহারাষ্ট্র) সেবাগ্রাম আশ্রম স্থাপন করেছিলেন। ভারতের বহু স্থানে আরও অনেক গান্ধী আশ্রম স্থাপিত হয়েছিল। এই আশ্রমগুলিতে গান্ধীজির নির্দেশ অনুযায়ী জীবনযাত্রা পালিত হত। যেহেতু তিনি জানতেন যে মানুষের দৈনন্দিন জীবনযাত্রার সঙ্গে বহিঃপ্রকৃতির সম্পর্ক অবিচ্ছেদ্য এবং তার সঙ্গে সাজুয্য রক্ষা করে চলা প্রতিটি মানুষের অবশ্য কর্তব্য, সেজন্য তিনি আশ্রমবাসীদের জন্য একটি নির্দেশাবলি (guidelines) লিপিবদ্ধ করেছিলেন। সেই নিয়মাবলীর মূল কথাটি ছিল এই যে মানুষের জীবনযাত্রা হবে সুশৃঙ্খল ও সংযত এবং কোনোভাবেই অসংযত ভোগবাদী জীবনযাত্রা যাপন করে বহিঃপ্রকৃতিকে কলুষিত করা যাবে না। সেই অনুসারে আশ্রমবাসীরা অতি প্রত্যুষে শয্যা ত্যাগ করবে এবং প্রত্যহ প্রার্থনা করবে। পর্যাপ্ত দৈনিক পরিশ্রম করার নির্দেশ ছিল। যেমন আশ্রমবাসীরা প্রতিদিন আশ্রম প্রাঙ্গণ ধৌত করবে, শৌচালয় ইত্যাদি মার্জনা করবে, পশুদের (গোশালা) এবং পক্ষীদের পরিচর্যা করবে, নিয়মিত চরকায় সুতো কাটবে এবং এর সঙ্গে নিয়মিত পঠনপাঠন তো ছিলই। খাদ্যের ব্যাপারেও খুবই সংযত নিরামিষ আহারের বিধান ছিল। মদ্যপান তো বর্জিত ছিলই। পোষাকের ব্যাপারে স্বহস্তে বোনা খদ্দরের পোষাক পরিধান করাই ছিল রীতি। এক কথায় গান্ধীজি বোঝাতে চেয়েছেন যে বস্তুর আধিক্য নয়, বাহুল্যবর্জিত খুবই সরল জীবনযাত্রার পথই তিনি আশ্রম নির্দেশাবলীতে দেখিয়েছিলেন। কারণ তিনি একান্তভাবেই বিশ্বাস করতেন যে মানুষের জীবনযাত্রার ধরনের দ্বারা বহিঃপ্রকৃতি প্রভাবিত হয় আর মানুষের প্রাত্যহিক জীবনের সঙ্গে প্রকৃতি অবিচ্ছেদ্যভাবে জড়িত। আশ্রম স্থাপনার প্রথম দিকে এই নিয়মগুলি পালিত হলেও, গান্ধীজির জীবৎকালের মধ্যেই তাঁর নির্দেশিত জীবনধারণের আদর্শ পুনঃ পুনঃ লঙ্ঘিত হয়েছে। আধুনিক জীবনযাত্রার নানা প্রলোভন আশ্রমে অনুপ্রবেশ করেছে। এ ব্যাপারে গান্ধীজি কিছুটা অসহায় ছিলেন। কারণ রাজনৈতিক কারণে তাঁকে বেশিরভাগ সময়ে দেশের নানা প্রান্তে যেতে হত। এবং তিনি আশ্রমে উপস্থিত থাকতে পারতেন না। আশ্রমের ব্যাপারে সময় দিতে পারতেন না। তাঁর অনুপস্থিতিতে অনেক সময়েই আশ্রমের জীবনযাত্রা নিয়মানুগ চলত না।

এখানে একথা উল্লেখ করা দরকার যে গ্রামীণ পুনর্গঠনকল্পে গান্ধীজি যে উনিশ দফা কর্মসূচি গ্রহণ করেছিলেন যেমন সাম্প্রদায়িক সম্প্রীতি, অস্পৃশ্যতা দূরীকরণ, মদ্যপান বিরোধিতা, খদ্দর, গ্রামীণ শিল্প, গ্রামীণ শুচিকরণ, নব এবং বুনিয়াদী শিক্ষা, বয়স্ক শিক্ষা, নারী শিক্ষা, স্বাস্থ্যরক্ষা বিষয়ক শিক্ষা, প্রাদেশিক ভাষা, জাতীয় ভাষা, অর্থনৈতিক সাম্য, কৃষক, মজুর, আদিবাসী, কুষ্ঠনিবারণ, ছাত্র এবং গো সুরক্ষা ইত্যাদির মধ্যে অনেকগুলিই সাধারণভাবে সমাজ সংস্কার এবং সরাসরিভাবে পরিবেশ রক্ষার সঙ্গে জড়িত ছিল।

গান্ধীজির ‘Legacy’ এই পরিবেশ রক্ষার ক্ষেত্রেই প্রত্যক্ষ দৃশ্যমান। ঐতিহাসিক রামচন্দ্র গুহ *Gandhi the Years that Changed the World, 1914-1948,* Penguin 2018 শীর্ষক গ্রন্থে লিখেছেন : ‘‘That quint-essential Gandhian question—How much a person should consume—has never been more relevant than today.’’ বাস্তবিক আজকের দুনিয়ায় এইটাই সবচেয়ে বড় প্রশ্ন হয়ে দেখা দিয়েছে। অধ্যাপক রাম গুহ আরও দেখিয়েছেন যে, এশিয়ার জনবহুল দেশগুলি, পশ্চিমের তথাকথিত আধুনিক জীবনধারা যাপনের

একচেটিয়া অধিকার ও শোষণ কায়েম করার বিরুদ্ধে বহুকাল ধরেই সোচ্চার ছিল। এখানে স্মরণ রাখা দরকার যে গান্ধীজি বহু আগেই ১৯২৮ সালে পশ্চিমী উৎপাদন ধারা ও ভোগবাদের বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন। গান্ধীজি তখন লিখেছিলেন— "God forbid that India should ever take to industrialisation after the manner of the West. The economic imperialism of a single tiny island (England) is today keeping the world in chains. If an entire nation of 300 milion took to similar economic exploitation, it would strip the world like locusts." গান্ধীজির আসল বক্তব্য ছিল যে যদি পশ্চিমী আদলে ভারতও অতি দ্রুত শিল্পায়নের পথে ধাবিত হয় তবে তার ফল হবে সমগ্র পৃথিবীটাই, পঙ্গপালের দল যেমন শষ্যক্ষেত্র নিশ্চিহ্ন করে, সেরকম শূন্য হয়ে যাবে। এটাই ছিল তাঁর সতর্কবাণী।

রাম গুহ আরও বলেছেন যে, গান্ধীজির মূল কথাটি ছিল 'after the manner of the West'। অর্থাৎ তাঁর মতে পশ্চিমী অনুকরণ ভারতের জন্য কোনো মতেই নয়, একেবারেই নয়। এখানে অবশ্য একথা আবার বলা প্রয়োজন যে গান্ধীজি পশ্চিমী বিজ্ঞান ও প্রযুক্তি একেবারেই ব্যবহার করতে চাননি—একথা সর্বাংশে প্রযোজ্য নয়। তিনি বিজ্ঞান ও প্রযুক্তির পরিমিত এবং নিয়ন্ত্রিত প্রয়োগ যা আমাদের চতুপার্শ্বের প্রকৃতি ও পরিবেশের সঙ্গে ভারসাম্য বজায় রেখে চলতে পারে, সেরকমই চেয়েছিলেন। কোনো অবস্থায়ই যথেচ্ছ, লাগামহীন প্রয়োগ সমর্থন করেননি। এই সঙ্গেই বলা হয়েছে যে তিনি পশ্চিমের যথেচ্ছ 'Resource intensive' (অধিক সম্পদ আহরণ অভিমুখী) এবং 'Energy intensive' (অধিক শক্তি আহরণ অভিমুখী) শিল্পায়নের সীমাবদ্ধতার দিকটাও দেখতে পেয়েছিলেন। ১৯৬২ সালেই গান্ধীজি লিখেছিলেন— "To make India like England and America is to find some other races and places of earth for exploitation." তাঁর মতে পশ্চিমের দেশগুলি ইউরোপের বাইরের অনুন্নত দেশগুলিকে শোষণের জন্য ভাগ করে নিয়েছে। এই পরিস্থিতিতেই গান্ধীজি সঙ্গত প্রশ্ন তুলেছিলেন— 'What can be the fate of India trying to ape to West?"

সেই সময়ে অবশ্য মহাত্মার সতর্কবাণী গ্রাহ্য হয়নি। পরবর্তীকালেও অতিরিক্ত শহরায়ন করতে গিয়ে ভারতের অর্থনৈতিক ও প্রযুক্তিগত নীতি 'environmental sustainability' অথবা পরিবেশ ও প্রকৃতির স্থিতিস্থাপকতা, গ্রহণযোগ্যতার বিষয়টি সেভাবে বিবেচিত হয়নি।



*Mira behn in Pashulok (Rishikesh), 1949-50*

এই সবেরই ফল হল আজকের ভারতবর্ষ একটি 'Ecological disaster zone'—বনাঞ্চল অপসৃয়মান, বিভিন্ন প্রজাতির পশুপাখি লুপ্তপ্রায়। মাটির উর্বরতা হ্রাস, জলস্তরের বিপজ্জনক অবনয়ন ও একই সঙ্গে রাসায়নিক দূষণ। এ সবেরই সমবেত পরিণামে বর্তমান ভারতবর্ষে উচ্চ মাত্রার আবহ মণ্ডল দূষণ এবং নদী দূষণ

(High rate of atmospheric and river pollution) পরিলক্ষিত হচ্ছে।

এসবের বিরুদ্ধেই গান্ধীজি আমাদের ক্রমাগত সতর্ক করে গেছেন। অতিরিক্ত শহরায়ন হ্রাস করে গ্রামীণ পুনর্গঠন কাজের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছিলেন। তিনি একাধিক বার বলেছেন যে ভারতের আত্মা তাঁর গ্রামে নিহিত ('India in villages')।

গান্ধীজির গ্রামোন্নয়ন কাজে তথা উনিশ দফা কর্মসূচির রূপায়ণে (যার মধ্যে পরিবেশ রক্ষার বিষয়টি বিশেষভাবে যুক্ত ছিল) তাঁর সহযোগীরা— যেমন বিনোবা ভাবে, মহাদেব দেশাই, জামনালাল বাজাজ, মীরাবেন এবং আরও অনেকেই যুক্ত ছিলেন। তবে গান্ধীজি নিজে মীরাবেন (Madeleine Slade, যিনি গান্ধীজির আদর্শে অনুপ্রাণিত হয়ে স্বদেশ পরিত্যাগ করে ১৯২৫ সালের নভেম্বর মাসে সবরমতী আশ্রমে যোগদান করেন।) কেই তাঁর যোগ্য উত্তরাধিকারী মনে করেছিলেন। ১৯২৭ সালের ৮ই মে একটি চিঠিতে বাপু লিখেছেন : ‘‘You have come to me not for me but for my ideals in so far as I live them .... It is now for you to work out those ideals. ... I want you to be my first heir and representative ....’’

মীরাবেনও গান্ধীজির গ্রামস্বরাজ প্রকল্পে আত্মনিয়োগ করেন। বাপুর নির্দেশ অনুযায়ী ওয়ার্ধার পাঁচমাইল ব্যাসার্ধের মধ্যেই একটি অঞ্চলের সন্ধান পান যেটি পরে সেবাগ্রামের রূপ পায়। সেবাগ্রাম ও তৎসন্নিহিত অঞ্চলকে একটি model গ্রাম হিসাবে গড়ে তোলা হয়। সেবাগ্রামের অনতিদূরে অস্পৃশ্য অধ্যুষিত গ্রামগুলিতে বিশেষ করে সিন্ধি গ্রামে তিনি বাপুর নির্দেশ অনুযায়ী রাস্তাঘাটের আবর্জনা স্বহস্তে পরিষ্কার করতেন। অস্পৃশ্য গ্রামগুলিতে কুপের জল দূষণ রোধ করা, কুষ্ঠ রোগীদের সেবা করা ইত্যাদি কাজে ব্রতী হয়েছিলেন। এজন্য তাঁকে স্থানীয় লোকদের কাছ থেকে অনেক বিরোধিতার সম্মুখীন হতে হয়। অনেক মানসিক নির্যাতনও সহ্য করতে হতো। কিন্তু স্থানীয় লোকদের শুচিতা, পরিচ্ছন্নতার প্রয়োজন বোঝাতে কখনও পিছু হটেননি। গান্ধীজি লিখেছিলেন যে তিনি এবং তাঁর সহযোগীদের মধ্যে অনেকেই পিছিয়ে এসেছিলেন। কিন্তু তিনি মহাদেব দেশাইকে একটি চিঠিতে লেখেন যে ‘‘Mira, however was the whole hogger among us ....’’

মীরাবেন বাপুর আদর্শে অনুপ্রাণিত হয়েই উত্তর ভারতে রুরকীর কাছে *কিষাণ আশ্রম* গড়ে তোলেন। সেখানে তিনি সর্বদিক থেকে স্বনির্ভর একটি গ্রামীণ সমাজ গড়ে তোলার পরিকল্পনা করেছিলেন। সেই অনুকরণেই তিনি ক্রমান্বয়ে *পশুলোক, পশুলোক সেবা মণ্ডল* স্থাপন করেছিলেন। এই সবগুলির পিছনেই বাপুর বিশেষ অনুমোদন তিনি পেয়েছিলেন। বাপুর মৃত্যুর পর তিনি যোগ্য উত্তরসূরীর ন্যায় *গোপাল আশ্রম* নামে আরও একটি আশ্রম স্থাপনের প্রয়াস চালিয়েছিলেন। কাশ্মীর অঞ্চলে একটি উন্নততর গাভী সুরক্ষা এবং গাভী প্রজনন কেন্দ্র (গাওবাল) স্থাপনের চেষ্টাও করেন। কিন্তু সরকারি অনুদান থাকা সত্ত্বেও এই প্রকল্পগুলি আমলাতান্ত্রিক দীর্ঘসূত্রিতায় সফল হতে পারেনি। গান্ধীজি তাঁর জীবৎকালে আরও একজন অনুগামীকে গ্রাম পুনর্গঠনের কাজে নিয়োগ করেছিলেন। তিনি ছিলেন J. C. Kumarappa (পেশায় একজন ইঞ্জিনিয়ার)। বাপুর পরামর্শ অনুযায়ী তিনি জৈব সার প্রযুক্তি (Organic Farming), জল সংরক্ষণ (Water Conservation), সামাজিক বন সংরক্ষণ (Community forest Management) এবং উন্নত উপায়ে কৃষিকার্য পরিচালনার চেষ্টা করেছিলেন। এবং গ্রাম পুনর্গঠন কাজে অগ্রসর হয়েছিলেন অনেকখানি। গান্ধীজি তাঁর শেষ *নির্দেশপত্রে* (*হরিজন*, ২২.২.৪৮) কৃষি ও গ্রামীণ শিল্পের সুসমন্বয়ে গ্রামবাসীদের যুক্ত করেই গ্রাম পুনর্গঠনের কথাই বলে গেছেন।



*The hut in the Sevagram Ashram where Gandhi lived, from 1936-46*

অন্য অনেক বিষয়ের মত গান্ধীজির পরিবেশ, আবহমণ্ডল, বস্তুতন্ত্র বিষয়ক ভাবনা ও মতবাদ মনে হতে পারে 'Obsolete and anachronistic', এমনকি 'Archaic'—কোনোভাবেই যুগোপযোগী নয়। কিন্তু একথা মনে রাখতে হবে যে গান্ধীজি যে সতর্ক বাণীগুলি উচ্চারণ করেছিলেন তা মিথ্যা প্রমাণিত হয়নি। মানব সমাজ ও প্রাকৃতিক জগৎ—এর মধ্যে যে স্বাভাবিক ভারসাম্য রয়েছে তার উপরে নির্বিচার হস্তক্ষেপ করলে, প্রকৃতি তার প্রতিশোধ নেবেই এবং তার ফলে যে কত বড় সর্বনাশের সম্মুখীন হতে হবে—বিষয়টি আধুনিক পরিবেশ বিজ্ঞানী, পরিবেশ কর্মী এবং গবেষকদের কাছে এক বিশেষ দুর্ভাবনার জন্ম দিয়েছে। আজ সারা বিশ্ব পরিবেশ দূষণ, জলবায়ু দূষণ ইত্যাদি চিন্তায় আন্দোলিত এবং কিভাবে এই দূষণ রোধ করা যায় তা নিয়ে আলোচনায় রত।

গান্ধীজিকে বলা হয় 'Environmentalist with a difference'। কথাটি সত্য। তিনি ভারত আত্মার মূল সুরটি কোথায় নিহিত সেটি জানতেন। এবং সেজন্যই গ্রাম পুনর্গঠনে মনোনিবেশ করেছিলেন এবং তাঁর উত্তরসূরীদের, সহযোগীদের, সেই পথেই চালিত করেছিলেন। তথাকথিত উন্নয়ন এবং প্রগতির নামে পশ্চিমী ভোগবাদের প্রসারকে রুদ্ধ করতে চেয়েছিলেন। জীবন চর্যাকে সংযত এবং পরিমিত করতে বলেছিলেন। এ বিষয়ে গান্ধীজির সুযোগ্য উত্তরাধিকার প্রতিফলিত হয়েছে মীরাবেনেরই লিখিত একটি প্রবন্ধে। তিনি প্রশ্ন তুলেছেন *'Development Or Destruction?'* তথাকথিত উন্নয়নকে কেন্দ্র করে প্রকৃতি ধ্বংসের দিকটি তিনি তুলে ধরেছেন। আসল প্রশ্নটিই এই তথাকথিত উন্নয়ন বনাম ধ্বংসকে ঘিরে আবর্তিত হয়েছে। অন্যত্র তিনি লিখেছেন : Historians fix their eyes on those thundering and lightning flashes, but perhaps if they had fixed their eyes on the humble soil, they would have found the fundamental reason for the fall of ancient empires and the extinction of whole civilizations. It would seen that North Africa was once the granary of Rome. It is today Sahara desert. Babylon was once the proudest civilisation in history. Today she is wilderness. It appears likely that it was not armies and statesmen who wiped these mighty empires completely, out of existence, but their own deforestation and their own over cultivation and over irrigation of their precious lands. People do not notice them, as they are more alarmed by the thunder and lightning caused by wars and rumours of wars, by revolutions and political upheavals. But these are only passing phases and the mass of humanity continues to plough sow and reap under one

ruler an another in spite of all these changes. *Not so when the soil is destroyed. Then there is no more sowing and reaping, it is the end.*" এটি কি গান্ধীজির ভবিষ্যৎ দৃষ্টিরই প্রতিবিম্ব নয়? গান্ধীজি অপর একটি চিঠিতে মীরাবেন-কে লিখেছিলেন : "We should feel a more living bond between ourselves and the rest of animate creations (if we are to survive)."

আধুনিক বিশ্ব যখন বিরাট এক প্রকৃতি ও পরিবেশ বিপর্যয়ের সম্মুখীন তখন গান্ধীজির এই উক্তির প্রাসঙ্গিকতা প্রশ্নাতীত। ক্রমবর্ধমান, মাত্রাহীন প্রতিযোগিতার থেকে বিরত হয়ে প্রকৃতিকে ধ্বংস না করে জীবনচর্যার গতি সংযত রাখলেই বর্তমান বিশ্বকে আসন্ন ধ্বংসের হাত থেকে রক্ষা করা যেতে পারে। আপনাদের সবাইকে ধন্যবাদ ও নমস্কার।

**সংক্ষিপ্ত গ্রন্থপঞ্জি :**


1. *Collected Works of Mahatma Gandhi*, Publication Division, Govt. of India
2. Guha Ramchandra, *Gandhi the Years that Changed the World* 1914-1948, Penguin, 2018
3. Mirabehn (ed), *Bapu's Letters to Mira* 1924-1948, Navajiban Publishing House, Ahmedabad, 1948
4. Mirabehn Birth Centenary Volume, Himalaya Seva Sangha, 1992
5. Suhrud Tridip and Weber Thomas (eds.), *Beloved Bapu : The Gandhi-Mira Correspondence*, Orient Blackswan, 2014
6. Thomson Mark, *Gandhi And His Ashrams*, Bombay, Popular Prakashan, 1993
7. বন্দ্যোপাধ্যায় শৈলেশ (সম্পাদিত), *গান্ধী : ১২৫* (১৯৯৫)

**Newspapers & Periodical**

*Young India, Harijan, Gandhi Marg* (Relevant numbers)


মুদ্রিত ছবিগুলি *Bapu's Letters to Mira, Mirabehn Centenary Volume, Ram Ch. Guha, Gandhi the Years that Changed the World 1914-1948* থেকে সংগৃহিত হয়েছে।

# Will he be relevant?

**Judith M Brown***

As India looks back at the end of the millennium she can justly claim that one of the most significant figures of the last century was an Indian—Mahatma Gandhi known by repute the world over even by those for whom British imperialism is a brief page in a history book. What Gandhi himself would have said of the 20th century and of the prospects of the 21st is much more debatable, for in reality he was in no way "representative" of the times in which he lived, and was in so many ways profoundly out of time with his contemporaries and their values. It is more than likely that he would have faced this later ''midnight hour" with the same sorrow and ambiguity as he did the midnight of Indian Independence in 1947.

For India, however, Gandhi remains one of her most creative and formidable figures in the century marked by her opposition to imperialism and the gaining of political independence. He was most unusual among public men, in India or elsewhere, for he engaged with ideas as much as with practice. Although he was to a considerable extent self-taught, he became, in mid-life in South Africa, a serious thinker, if not a trained philosopher, as manifested in his only extended piece of political writing, *Hind Swaraj* (1909). From that time he pursued his exploration of the ideas which underpinned imperialism, nationalism and the modern state and by 1920 had begun to launch a sustained ideological attack on British rule in India on political, cultural and spiritual grounds. For him, unlike the majority of political con-temporaries, the problem was British imperialism was only partly the fact that it was foreign rule. Far more significant for him was the fact that under its aegis many Indians were abandoning what he saw as Indian culture and spiritual standards and becoming clones of modern industrial man driven by the desire for material gain and domination. For him true *swaraj* was the creation of a new society and a political order rooted in self-control which he believed drew on Indian cultural traditions. At the same time as Gandhi matured as a political thinker he experimented with new styles of political action, particularly the practice of a wide repertoire of nonviolent responses to what he saw as public "wrongs". Although such practices were of universal validity for him, on his return to India in 1915, he began to see clearly that in the particular circumstances of India, the British *raj* was based very largely on consent and a degree of active collaboration, and that, therefore, peaceful but principled withdrawal of consent and co-operation would cut at the roots of British power, particularly if it was well coordinated and pursued in the light of

a growing worldwide mass media. The result was the series of India-wide campaigns of nonviolent resistance which became the hallmark of Indian nationalism, even if their practical effects on British rule are disputed by historians.

The corollary of Gandhi's critique of imperialism was a vision of a new India. He visualised and worked, through his constructive programme, for a more equal, tolerant and inclusive society, which would demonstrate the Indians were capable of self-rule—not the political independence Congress strove for, but a deeper capacity for self-management which would avoid the need for an intrusive and powerful state. Few of his contemporaries shared this vision, least of all the generation of Congressmen who came to power in 1947. Nonetheless, Gandhi's "imaginings" of a new India helped to give his compatriots belief in themselves, pride in their traditions, and the impetus to put the country before self. One only has to read Jawaharlal Nehru's Autobiography (1936) to see the Mahatma's influence even on a young, radical, secular politician—an influence which was to last will beyond the Mahatma's death, Even at the end of the century, though few Indians would call themselves "Gandhians" the name of Gandhi resonates with ideals which judge contemporary standards in public life, and are a touchstone when Indians recall the purposes of their freedom struggle and their new national life.

To the uninformed outsider Gandhi often appears as a particularly Hindu public figure, one who looked backwards into India's religious past for inspiration. What is less well known, and perhaps easily forgotten in the wake of the changes and in particular the politicisation which have overtaken "Hinduism" in the late 20th century is the role he played in what might be called the "modernisation" of Hindu tradition. He was remarkably radical in his critique of religious authority, of modes of worship and of social customs rooted in relegious tradition. Not only did he use the *ashram* style of community to experiment in the society and in new forms of tolerant community. He also argued that religious texts have to be noted against reason and conscience, and that religious comes to each successive generation. Individuals and communities have to move on in permanent pilgrimage after truth otherwise their supposed "religion becomes fossiled and irrelevant for a changing world!'' He thus played no little part in the process which have helped to make Hindu traditions of world with significance in the late 20th century, freeing them from their local routs in Indian society.

But what of Gandhi's wider significance for a new millennium? Caixlhi also has the capacity to inspire and challenge people of other traditions, races and times. Why should this be?

Gandhi insisted that to be an authentic human one has to recognise that at one's core is a spiritual capacity, and that—to quote another seminal religious figure, ''man does not live by bread alone". Because he was undogmatic and unsectarian, yet evidently inspired by a spiritual conviction, Gandhi has become a beacon for many in a secular world who search for spiritual truth which is relevant in our world, yet do not find it in conventional religious places.

The corollary of this belief, in the fundamentally spiritual nature of men and

women, was Gandhi's vision of a common humanity—a commonality in compossing barriers of gender, class and caste, race and religion. In India this led him to work for a more equal society where women as well as men, high and low, Hindu and Muslim alike would all be part of a new community. More broadly it was a vision which was the foundation of his understanding of tolerance and compassion, which has made him a profoundly attractive figure.

Ideals of shared humanity, of a common purpose and pilgrimage after truth, also led Gandhi to the practice of nonviolence—a way of solving the many inevitable conflicts in human life without denying the humanity and vision of all parties engaged in conflict. For him of course non-violence became a total way of life, rooted in self-discipline. Few in India or abroad have become true ''Gandhians" in this sense of sharing this ideal. But for thousands the possibility of non-violence as a practical tool has become deeply appealing in a century marked by two world wars and hundreds of smaller but equally cruel conflicts. A task for the new millennium which Gandhi never faced because of his utter belief in the efficacy of non-violence, is to examine and lest the sorts of situations where non-violence does "work", where it can indeed alter perceptions all relations and so sterilise the situation of its violence.

But Gandhi has other words in the new era for those engaged in public life, words which are less charismatic then those of non-violence and opposition to imperial route, and much harder to heir in a worked of powerful nation states where politics is a tough profession with great rewards for those who ''succeed'' in terms of power. His vision of restrained and tolerant individuals and his abhorrence of large-scale political power and the economic and political use to which it could he put, led him to fear the modern state and to power and the economic and political use to which it could be put, led him to learn the modern state and to despite it as inherently violent and immoral, depriving people of their right and duty to order their own lives. In an car when the power of the modern state is being questioned, and doubt is cast on its capacity to work real change, his critique and vision take on new meaning so does his vision of compassionate and self-regulating communities as the true foundation of any polity. Even more challenging to those engaged in the political world is his claim that there is no difference between the political and private spheres—that common spiritual values should inform behaviour of any sort, and that there is no dichotomy between what is acceptable in public and private life.

As people look back on Gandhi it is clear that there are many Gandhis now, just as there were in his life time. People saw and see in him different qualities, they heard and hear different messages. This made for profound ambiguity in his life, and generated both love and hatved for the man. But like others who dream dreams and who strive to make them a reality, he provides inspiration for those whose successive generations, like him, strive after a greater truth than material realities.

---

* Dr. Brown is Beit Professor of Commonwealth History at Oxford University

Source : The Hindu. Special Issue. 01.01.2000

# বিধানসভায় চারুচন্দ্র ভাণ্ডারী

**হংসধ্বজ ধাড়া**

*চারুচন্দ্র স্মৃতি কমিটি*



চারুচন্দ্র ভাণ্ডারী

*চারুচন্দ্র ভাণ্ডারী ১৯৪৬ থেকে ১৯৫৩ পর্যন্ত বিধানসভার সদস্য ছিলেন। ১৯৪৬ সনে ২৪ পরগনা উত্তর-পশ্চিম কেন্দ্র থেকে তিনি বঙ্গীয় বিধান সভায় কংগ্রেস প্রার্থীরূপে নির্বাচিত হন। স্বাধীনতার পর পশ্চিমবঙ্গের প্রথম মন্ত্রিসভার সদস্য হিসেবে খাদ্য ও জনসংভরণ বিভাগের ভার পান। পরে কংগ্রেসের সঙ্গে মতভেদ হওয়ায় আচার্য কৃপালনীজির নেতৃত্বে কৃষক-মজদুর প্রজা পার্টি গঠন করেন। স্বাধীন ভারতের প্রথম নির্বাচনে ঐ নতুন দলের প্রার্থীরূপে প্রতিদ্বন্দ্বিতা করে পুনরায় বিধানসভার সদস্য নির্বাচিত হন। তখন তিনি বিরোধী দলের অন্যতম নেতা। ১৯৫৬ সনে বঙ্গীয় রাজনীতি থেকে অবসর নিয়ে বিধানসভার সদস্যপদ ত্যাগ করেন এবং বিনোবাজির ভূদান, সর্বোদয় আন্দোলনে যোগদান করেন।*

*চারুচন্দ্রের বিধানসভার জীবন সংক্ষিপ্ত। কিন্তু একটা ক্রান্তিকালে তিনি এর সদস্য ছিলেন। প্রথম পর্বে পরাধীন দেশের স্বাধীনতা সংগ্রামী, দ্বিতীয় পর্বে স্বাধীন দেশের মন্ত্রী এবং তৃতীয় পর্বে বিরোধী দলের নেতা। প্রতিটি ক্ষেত্রে তাঁর ভূমিকা ছিল উজ্জ্বল। বিধানসভায় এই তিন কালপর্বে তাঁর ভাষণ থেকে সামান্য একটু চয়ন করে এখানে নিবেদিত হল। বিষয়বস্তুর গুরুত্ব, গৌরবে ও বৈদগ্ধ্যে এর অনেকটাই আজও স্মরণীয়।—সম্পাদক*

## পরাধীনতার যুগে

■ **ডায়মণ্ড হারবারে জেটি ভেঙে (১২ জানুয়ারি, ১৯৪৭) গঙ্গাসাগর যাত্রীর মৃত্যু বিষয়ে বক্তৃতা :**

**29.9.1946 :** I wish to discuss the desaster that overtook the pilgrims at Diamond Harbour. The Gangasagore *mela* is famous and pilgrimage is held every year on the last day of the Bengali month *Pous* at the confluence of the Ganges and the Bay of Bengal. The place is visited every year by tens of thousands of pilgrims from all over India. The *mela* is managed and arrangements are made by the Government and 24-Parganas District Board jointly. This year arrangements were made with joint steamer companies of the I.G.N and R.S.N. to carry the pilgrims to the *mela.* They constructed two jetties at Diamond Harbour. Two wooden jetties, for the emberkation and disemberkation of pilgrims. On 12th January, emberkation of pilgrims was proceeding by the southern jetty when the first accident happened at 11 a.m., and 13 pilgrims were killed and 25 were seriously injured. The accident happened by the breaking of the railings of the jetty. Thereupon the executive authorities as well as the steamer companies were given warning and were repeatedly requested to stop emberkation and not to allow emberkation by the second jetty, which was suspected to be a weak structure, but it was not heeded to. Emberkation by the second jetty started according to their plan. In helpless and desperation the local leaders approached the Subdivisional Officer, but before he could do anything the second accident happened by the collapsing of the gangway of the second jetty

and breaking of its railings. This time it was not 13, but 143 pilgrims were killed outright and 55 seriously injured. Sir, the ghastly tragedy aroused resentment and sensation in the public mind and in the press. The ghastly tragedy is unique in its nature, it is unique in the history of pilgrimage in the history of India. There was a universal demand from the public as well as the press to institute a thorough enquiry of a judicial nature.... Therefore a competent tribunal should have been appointed for determination of compensation to be paid to the relatives of the deceased as well as the injured....

**■ লবণ খাতের বরাদ্দের আলোচনায় :**

**13.5.1947 :** Sir, there is extensive coastal area in Bengal from the district of Midnapore upto Chittagong, and these coastal areas are naturally saline tracts and these are one crop areas. Agriculture is these areas can not and does not support the people of these areas and there is enforced idleness during at least five months of the year. But bounteous nature has provided a very fruitful occupation in another direction and that is salt manufacture which, if developed would make the peolple of these coastal areas prosperous and, at the same time, would meet the self requirements of the province. But the people of the province remained deprived of this right by the British Government since the time of East India Company, as British rule in India is based on economic exploitation of the masses. But through the immense suffering and sacrifices of millions of our countrymen during the salt campaign of 1930 under the lead of Mahatma Gandhi and the Congress concession to manufacture salt in coastal areas and sale it in local markets to consumers and not for business was granted, and a further little concession was granted during wartime due to scarcity of salt supply. Government should have availed of this opportunity for development of salt industry in the coastal areas. But they did not do it. At least through the ceaseless efforts of Mahatma Gandhi the Interim Government has now been pleased to abolish the salt tax altogether. What has Government done? Government has only established 17 warehouses to purchase salt from local manufacturers and this would have encouraged salt manufacture in the coastal areas, but the price fixed by the Government is too low to encourage salt manufacture. They purchase salt in the warehouse at 5 pice per seer when salt was selling at 8 or 10 annas per seer and was not even available....

Three things are essentially necessary for the development of this industry. The first thing is—if the industry is to be developed it must be developed on cottage industry basis.

The next thing is that the method employed must be thoroughly improved and it is nonetheless an important question that this industry should be organised on cooperative lines for tile purpose of manufacture and marketing of salt. One thing is that the method now employed by the manufacturers are crude. Even they do not know the method

employed by Malangeese or salt-manufacting classes of olden times and of the times of the East India Company. Ready salt is not available in coastal areas of Bengal as in other provinces where ready salt can be picked up in coastal areas. Salt has to be manufactured from salt-beds to be scraped up in coastal lands and that salt has to be soaked in water and aqueous solution has to be boiled. So it is a great problem to manufacture salt in coastal areas, and this problem has got to be solved.

Sir, the method of production of salt will have to be improved as to eleminate the use of fuel in the manufacture of salt. So the sun-evaporation method of salt manufacture should be so improved that it may be adopted in the manufacture of salt on cottage industry basis. And so long as these improvements are not introduced certain facilities should be given to the salt manufacturer, as for instance, they should be allowed to take fuel from the Government Reserve Forests either free of cost or at a nominal cost, and bounties should be given to them either in this form or salt should be purchased from warehouse at no lesser price than the market price and also iron pans and other utensils should be distributed to them at cheaper rate ... right regained after a long struggle, suffering and sacrifices should not be friterred away and should not be allowed to be usurped by big capitalists by establishing large scale industries of salt and thereby keeping the poor people of the coastal areas unemployed for a great length of time.

**■ কৃষি বাজেটের ছাঁটাই প্রস্তাবের উপর বক্তৃতা :**

**25.5.47 :** Sir, agriculture will even remain the main occupation of the people of this country however much the country is industrialised in future. After the great experiments of Sir Albert Howards and other western savants it has been proved that the cattle is superior to engine for ploughing the land which causes soil decay, and compost manure of which cow dung and urine form the main part is superior to artificial fartilisers which cause soil decay as well as develop soil and plant disease. So, Sir, cattle will even play a most important part in the economy of this country. It is truly called as the mother of prosperity, as the giver of milk, as the producer of cattle for plough and cart and producer of manure, and from the religious standpoint also it is therefore adored both by the Hindus and the Mahamedans— the Hindus consider it as the emblem of oneness of animal creation and the Mahamedans adore it as the sacred object religious sacrifice....

...For the improvement of cattle what are essentially necessary are these, that every police-station should possess one cattle breeding farm in which best bulls of Hariana breed or of other good breed should be kept and maintained at government cost for utilising by villagers for steed purpose ... experiments should be made in crossbreeding ... research work should be made for the discovery of cheap and efficient cattle fodder and the results made

known to the cultivators by Bengali leaflets. Also free pastures should be provided for every village....

## স্বাধীন ভারতে

[স্বাধীনতার পর প্রথম বিধানসভা বসে 21.11.1947. স্পিকার ঈশ্বরদাস জালান। চারুচন্দ্র ভাণ্ডারী তখন জনসংভরণ বিভাগের মন্ত্রী। ঐ সময় মুখ্যমন্ত্রীকে বলা হতো প্রধান মন্ত্রী। ডাক্তার প্রফুল্লচন্দ্র ঘোষ প্রধানমন্ত্রী হিসেবে সভার শুরুতে প্রস্তাব করেন :

"পশ্চিমবাংলার ব্যবস্থা পরিষদ এই প্রথম অধিবেশনে প্রদেশের সকল অধিবাসীকে সাদর সম্ভাষণ জ্ঞাপন করিতেছে এবং স্বাধীনতা লাভের জন্য যাহারা অশেষ দুঃখবরণ ও প্রাণত্যাগ করিয়াছেন তাঁহাদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিতেছে। এই ব্যবস্থা পরিষদ স্বাধীনতা আন্দোলনের প্রধান সেনাপতি মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করিতেছে এবং হিন্দু-মুসলমান সম্প্রীতি স্থাপনে তাঁর মৌলিক অবদান কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছে। এই ব্যবস্থা পরিষদ নেতাজী সুভাষচন্দ্র বসুর প্রতিও শ্রদ্ধা জ্ঞাপন করিতেছে এবং ভারতীয় স্বাধীনতা আন্দোলনে তাঁহার দান কৃতজ্ঞতার সহিত স্মরণ করিতেছে।"—সম্পাদক।]

**8.12.1947 :** চারুচন্দ্র ভাণ্ডারী—The West Bengal Black Marketing Bill 1947 পেশ করেন।

১০ ডিসেম্বর আলোচনার সূত্রপাত করে চারুবাবু বলেন :

"এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে এই বিলটা কেন আনা হয়েছে সেই সম্বন্ধে দু-চারটে কথা আমি বলতে চাই। মনুষ্য-জীবনের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় যে জিনিস তার যদি উৎপাদন কম হয় তা হলে সেই জিনিসের সুষ্ঠু বন্টনের জন্য Control-এর প্রয়োজন আছে। এই Control প্রথাটি থেকে যে সমস্ত উপকার হবার কথা সেটা যখন হয় না তখন দেখা যায় সেটা না হবার পথে সবচেয়ে বড় বাধা, সবচেয়ে বড় প্রতিবন্ধক হচ্ছে চোরাকারবার। চোরাকারবার থাকার জন্যই জিনিস পাওয়ার অসুবিধার মধ্যেও যতটুকু সুবিধা দেশের লোকদের দেওয়ার কথা সেটুকু দেওয়া সম্ভব হয় না। সুতরাং চোরাকারবার দমনের জন্য কঠোর আইনের প্রয়োজন আছে।

...চোরাকারবার সম্বন্ধে যে কথা, খাদ্যে ভেজাল সম্বন্ধেও সেই কথা। ...চোরাকারবার শুধু যে বন্টন-প্রথা ও নিয়ন্ত্রণ-প্রথাকে বিপর্যস্ত করে তা নয়, সমস্ত জীবনকে নিম্নস্তরে টেনে আনে। এজন্যই কঠোর আইনের প্রয়োজন আছে।

...চোরাকারবার যে কি, এর সংজ্ঞা কি, কোন্ কোন্ অপরাধমূলক কার্য চোরাকারবারের মধ্যে পড়বে, এ সম্বন্ধে ব্যাপক সংজ্ঞা বিধিবদ্ধ এই বিলে করা হয়েছে, এবং চোরাকারবারীদের শক্তিবিধানের জন্য সংক্ষিপ্ত trial বা summary trial-এর ব্যবস্থা করা হয়েছে। এবং এই বিলের বৈশিষ্ট্য এই যে, এই আইনে যা ন্যূনতম শাস্তি হতে পারে, তার ব্যবস্থা করা হয়েছে।...

...আর একটা বৈশিষ্ট্য এর মধ্যে আছে। সেটা হচ্ছে এই যে, সরকারি কর্মচারীদের কর্তব্যচ্যুতি বা কর্মে অবহেলা (dereliction of duty) দরুণ যেখানে চোরাকারবারী প্রশ্রয় পায় বা সাহায্য পায়, সেখানে সেই সরকারি কর্মচারীদের অপরাধ হবে যে, তারা চোরাকারবারের abetment করছে। এবং এই বিলে বিধান আছে যে চোরাকারবারের যে শাস্তি, চোরাকারবারের abetment-এর সেই শাস্তি। দ্বিতীয়ত, সরকারি কর্মচারীদের স্বেচ্ছাকৃত কর্তব্যচ্যুতির জন্য যেখানে চোরাকারবার প্রশ্রয় পাবে, সেখানে সরকারি কর্মচারীদেরও চোরাকারীদের শাস্তি বিধান মত শাস্তির বিধান আছে। তারপরের কথা হচ্ছে এই যে অপরাধীদের নিকট (থেকে) bond নেওয়ার ব্যবস্থা আছে। ... আমার নিজের অভিজ্ঞতা থেকে জানি যে চোরাকারবারের অপরাধী বলেছে যে, জামিন দিয়ে বেরিয়ে যাচ্ছি, আবার কিছু উপায় করে মামলার খরচটা চালাব। সেই কারণে ব্যবস্থা হয়েছে যাতে এই অপরাধ nonbailable করা

যায়। এবং তাই যথেষ্ট নয়—একে congnizable করারও বিধান করা হয়েছে।...

...একটা বিধান আছে যাতে চোরাকারবারীদের জনসাধারণ জানতে পারে—যাদের চোরাকারবারের জন্য সাজা হবে, তারা যাতে সমাজের চক্ষে হেয় হয়। সেই জন্য তারা যেখানে কারবার করে তার সামনে তাদের যে সাজা হয়েছে সেই notice টাঙিয়ে রাখবার বিধান করা হয়েছে। এটা যদি অপ্রচুর মনে হয়, তবে তাদের কারবারের letter head-এ তাদের যে সাজা হয়েছে, সেটা লিখে রাখার ব্যবস্থা হয়েছে।...”

১০ই ডিসেম্বর ১৯৪৭ কয়েকটি সংশোধন মেনে নিয়ে এই বিল পাশ করার প্রস্তাব উত্থাপন করে চারুচন্দ্র বলেছিলেন :

“...আর একটা কথা আমি বলতে চাই যারা চোরাকারবার করে আসছেন সেই চোরাকারবারীদের প্রতি। সে হচ্ছে এই—যদি control উঠে যায়, আমার এক বন্ধু বলেছেন, চোরাকারবার উঠে যাবে। এটা ত ঠিক কথা। কিন্তু মানুষের সংশোধন হল না। যদি control উঠে যায় তা হলে এই মাত্র হবে যে চোরাকারবার legalised হবে। চোরাকারবার যারা করে তারা যেন এই control থাকতে থাকতে নিজেদের সংশোধন করতে শেখে। বিশেষত দেশ স্বাধীন হয়েছে। ১৫ই আগস্টের পরে আর এ জিনিস চলে না। ১৫ই আগস্টের পরে যে পতাকাকে আমরা রাষ্ট্রীয় পতাকা বলে গ্রহণ করেছি তার প্রথম অর্থ এই যে, আমাদের নূতন মানুষ হয়ে গড়ে উঠতে হবে।... স্বাধীন দেশের মানুষ আমরা, আমরা যেন স্বেচ্ছায় নূতন মানুষ হয়ে গড়ে উঠতে পারি এবং সমাজকে এই কলুষমুক্ত যেন করতে পারি, যাতে আমরা স্বাধীন জাতিতে পরিণত হয়ে জগতে মহীয়ান জাতিরূপে পরিগণিত হতে পারি।”

**7.5.1953 :** বিরোধী নেতারূপে ৭ মে ১৯৫৩ তারিখের অধিবেশনে West Bengal Estates Acquisition Bill 1953-এর উপর বক্তৃতা।

“বাংলাদেশের সামন্ততান্ত্রিক ব্যবস্থা বিলোপ- সাধনে এটা প্রথম পদক্ষেপ। এটা সকলের পক্ষেই একটা আনন্দের কথা যে, যে ব্যবস্থা আজ ১৬০ বৎসর কাল বাংলার বুকের উপর জগদ্দল পাথরের মত বসেছিল তা অপসারণের কিছু চেষ্টা হচ্ছে। আজ এই দিনটা বাংলার পক্ষে স্মরণীয়, এবং সরকার যদিও বহু দেরি করে এই ব্যবস্থা করছেন তথাপি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। এই সামন্ততান্ত্রিক ব্যবস্থায় একদিক থেকে বাংলার সর্বনাশ হয়েছে। সত্যকথা এই অন্তিম দিনে আজ মনে পড়ে এই জমিদার বংশে বাংলার অনেক বড় মনীষী জন্মগ্রহণ করেছেন। জমিদারদের মধ্যেও অনেকে উদার হৃদয় ছিলেন। আজ তাঁদের কথা স্মরণ করি, কিন্তু তাঁদের কথা স্মরণ করতে গিয়ে সবচেয়ে বেশি করে মনে পড়ছে এই কথা যে, এই ব্যবস্থার দ্বারা ইংরেজের হস্তকেই দৃঢ় করা হয়েছিল। এতে বাংলার অর্থনৈতিক উন্নতির পথ বাধাপ্রাপ্ত হয়েছে। এর ব্যবস্থার মধ্যে সেই সহস্র সহস্র শুকনো মুখ মনে পড়ছে যারা দিনের পর দিন খেটেছে কিন্তু খেতে পায়নি। আজকে সেই সব হতভাগাদের কথা মনে পড়ছে যারা রোদে পুড়েছে এবং বৃষ্টিতে ভিজেছে। আজ ভগবানের দয়ায় তাঁদের দুর্দশা অপসারণের একটা পন্থা দেখা দিয়েছে, এটা ভাল কথা—এই পর্যন্ত ভূমিকা করে এই বিলের সম্বন্ধে কিছু বলব।

এই বিলের উদ্দেশ্য কি? দেশের উন্নতি হবে। এর দ্বারা সামন্ততান্ত্রিক ব্যবস্থার অবসান হবে এটা ভাল কথা। কিন্তু এই বিল আনবার উদ্দেশ্য কি? এর উদ্দেশ্য হচ্ছে দেশের যা জমি আছে, জমির মধ্যে বন্টনের যে বিষমতা আছে তা দূর করবার একটা ব্যবস্থা এই বিলের মধ্যে দিয়ে হবে। কিন্তু আমরা কী দেখতে পাচ্ছি।...এটা সকলেই জানেন যে আমরা কোন রকম কমপেনসেশন দেবার বিরোধী। আজ সংবিধানের অনুজ্ঞানুসারে আমাদের কাজ করতে হবে এই কথা বলে কোন লাভ নাই। এখানে আমি সরকারকে স্মরণ করিয়ে দেব যে যদিও এই বিলটা জয়েন্ট কমিটিতে যাচ্ছে তা হলেও কমপেনসেশন কোন নীতিতে দিবেন তা এই বিলের প্রস্তাবক বলেননি। আপনারা একটা নীতি করেছেন শতকরা ৪ থেকে ১৫ পর্যন্ত। যদি কোন রকম কমপেনসেশন দিতে হয় তাহলেও আমি তাকে কমপেনসেশন বলে দিব না। আমি বলব যাদের উপর এই ব্যবস্থা অর্থাৎ জমিদারী বিলোপ সাধনের

ব্যবস্থা প্রয়োগ করা হবে তাদের যদি প্রয়োজন হয়। তবে, রিহ্যাবিলিটেশন বা পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। রিহ্যাবিলিটেশনের জন্য যদি কোন খরচ পেতে চান তা তাঁরা পাবেন। এই অবস্থায় যদি কমপেনসেশন দেওয়া হয় তাহলে না হয় সেটা সমর্থনযোগ্য হবে।...

দ্বিতীয় কথা হচ্ছে জমি আমরা নিচ্ছি, কিন্তু এর মধ্যে কোন ভাল চিন্তা নাই। জমি কে পাবে? জমি স্টেট পাবে। অর্থাৎ স্টেট ক্যাপিটালিজম পাবে। আমি জানি—সকলেই জানেন জমি ভগবানের। জমি সকলের। জমি গোপালকা। আলো হাওয়া জলে যেমন সকলের অধিকার আছে। যে জমি কর্ষণ করে জমি তারই। তুমি জনসাধারণের ট্রাস্টি স্বরূপ। এই নীতি না হলে এতে আনন্দ করার মত কিছু নাই। জমিদারের পরিবর্তে গবর্ণমেন্ট আসবে। প্রায় একই কথা। জমি কার? জমির অধিকারী কে? চাষিই জমির অধিকারী। এই নীতিই হচ্ছে নীতি বা গৃহীত হবে। আজ না হলে, কাল হবে। তা না হলে রেন্টের প্রশ্ন উঠে না। সে চাষি যদি জমির অধিকারী না হয় তা'হলে রেন্টের প্রশ্ন উঠে না। আমার প্রয়োজন আছে আমি জমি চাষ করব। ১৫ বিঘার প্রয়োজন হলে ১৫ বিঘাই চাষ করব। জমি থেকে যে আয় করব তার উপর গবর্ণমেন্ট ট্যাক্স বসাবেন। কিন্তু তা না হলে রেন্ট হতে পারে না, ট্যাক্স ধরতে পারেন না। ২/৩ হাজার টাকার বেশি আয় হলে ট্যাক্স হতে পারে। এই নীতি গৃহীত হওয়া উচিত।

...এই ব্যবস্থার দ্বারা একদিকে জমিদারী যাচ্ছে বটে—ঠিক কথা—কিন্তু এর সঙ্গে সঙ্গে আর একটা বীজ রোপিত হচ্ছে।... জমিদারী যাচ্ছে বটে ফার্মদারি আসছে।... এটা গবর্ণমেন্ট হয় ইচ্ছাপূর্বক করেছেন, আর না হয় এটা তাদের নির্বুদ্ধিতা। কোন জমি তারা পাবেন না। সর্বনাশ করে রেখেছেন।...

...সাধারণ গৃহস্থকে বলছেন সাবধান হতে আবার চোরকে বলছেন চুরি করতে। আমি বলছি এটাই হচ্ছে গভর্নমেন্টের নির্বুদ্ধিতা। এতে সর্বনাশ হচ্ছে। এতে বলা হচ্ছে যত পার বেনামদারিতে সব করে নাও। শুধু তা নয় আরো সর্বনাশ হচ্ছে।... বলে দিচ্ছেন যাদের ৫ হাজার বিঘা খাস জমি আছে সেখানে ৫০ জনকে নিয়ে ১০০ বিঘা করে একটা কো-অপারেটিভ সোসাইটি বা রেজিস্টার্ড কোম্পানি করতে পারেন তা হলে আপনারা জমি যাবে না। কি সর্বনাশের কথা।... শুধু এই নয়। আরো ৪ বৎসরের মধ্যে এই বিল কার্যকরী হতে পারবে না।... এ জিনিস চলতে পারে না।...

...এই বিল হলে টি গার্ডেন বাদ যাবে। যাদের মাইনস আছে তারা গভর্নমেন্টের সঙ্গে একটা কন্ট্রাক্ট করে সেটা ফিরে পাবেন। ন্যাশানালাইজেশনের অবকাশ এসেছে কিন্তু এই বিলের দ্বারা কোন কাজ হচ্ছে না। এই জিনিসটা অসহনীয়।

...যারা জমিদার তাদের মন খারাপ হচ্ছে কিন্তু আমি বলি যে মন খারাপ করবেন না। এতে যা হচ্ছে তাতে আপনাদেরই সুবিধা হবে। এখানে সার্ভে কে করবে? তারপর প্রথমে তার প্রিলিমিনারি আছে, তারপর ফাইনাল পাবলিকেশন আছে, তারপর রেকর্ড অব রাইটস্ হতে সময় লাগবে। তার পূর্বেই রেজিস্টার্ড কোম্পানি, কো-অপারেটিভ ফার্মিং হয়ে যাবে।

বাংলাদেশের অবস্থা কি? মানুষের জমি নেই। আজ বাংলার দুর্ভিক্ষের কারণ কি? খাদ্য শস্যের দুর্ভিক্ষ নয়, এটা হচ্ছে মানুষের ক্রয়ক্ষমতার অভাবের জন্য দুর্ভিক্ষ। ১৯৪০ সালে যখন রেভিনিউ কমিশন বসেছিল, তারা বলে গিয়েছে যে, তদানীন্তন বাংলায় শতকরা ৬৩ জনের ৩ একরের কম জমি ছিল, ১৯৪৪ সালে দাঁড়িয়েছিল শতকরা ৭৬ জনের ৩ একরের কম জমি ছিল, বর্তমানে (১৯৫৩) সেটা শতকরা ৮০ জনে দাঁড়িয়েছে।

...অনেকে এই বিল আনার জন্য (সরকারকে) ধন্যবাদ দিচ্ছেন কিন্তু দেশের অবস্থার কথা যদি বিবেচনা করা যায় তাহলে ধন্যবাদের কথা আসে না। লক্ষ লক্ষ শুকনো মুখ—তারা জমিদারের অত্যাচার, রৌদ্র-বৃষ্টির কষ্ট, অমানুষিক অপমান সহ্য করেছে এই ১৬০ বৎসর ধরে। সরকার আজ যে ব্যবস্থা করছেন তাতে চিন্তা করে দেখেছেন কি যে, তারা কি সর্বনাশসাধন করতে যাচ্ছেন।

---

* এইটাই ছিল বিধানসভায় চারুচন্দ্রের শেষ বক্তৃতা। এর অল্প পরেই তিনি রাজনীতির সঙ্গে সম্পর্কশূন্য হয়ে বিধানসভা থেকে পদত্যাগ করেন এবং বিনোবাজির ভূদানযজ্ঞ-আন্দোলনে যোগদান করেন।
এই বক্তৃতার অংশগুলি সংকলন করেছেন শ্রী হংসধ্বজ ধাড়া।

# মোহনদাস করমচাঁদ গান্ধী ও রবীন্দ্রনাথ : প্রেক্ষিত জাতীয়তাবাদী আন্দোলন



**অধ্যাপক ড. অম্লানকুমার গুহঠাকুরতা**

বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

শহিদ নুরুল ইসলাম মহাবিদ্যালয়, তেঁতুলিয়া, উত্তর ২৪ পরগনা



**সংক্ষিপ্তসার :**

দিনটা ছিল ১৫ মার্চ। কলকাতা পৌরসভা ভবনে মহাত্মা গান্ধীর জন্য আয়োজন করা হয়েছিল আরও একটি সংবর্ধনা সভা। ভারতের এক কিংবদন্তী নেতা রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জি (১৮৪৮-১৯২৫) যিনি কিনা দেশবাসীর কাছে 'সারেন্ডার-নট-ব্যানার্জি' বা 'বাংলার মুকুটহীন রাজা' নামেও পরিচিত ছিলেন, তিনি তাঁর ভাষণে এক সুন্দর কথা বলেন। তিনি বলেন ইতিহাসের পাতায় গান্ধীর নাম চিরস্থায়ী হবে। রবীন্দ্রনাথ ঠাকুর যেটিকে জাতীয়তাবাদী সংগ্রামে গান্ধীজির দান বলে বর্ণনা করেছিলেন, সেই বিষয়টির কথা মনে রেখেই রাষ্ট্রগুরুর এহেন উক্তি। প্রখ্যাত কবি রবার্ট ব্রাউনিং একবার লিখেছিলেন— "জানা এক জিনিস, কিন্তু তা কাজে পরিণত করা আরও এক জিনিস।" কিন্তু এই এক মানুষ যিনি শুধু জানতে চাননি, সত্য শিব সুন্দর এই তিন মুখ্য মানবিক মূল্যবোধের ওপর নির্ভর করে তাঁর জীবন যাপন করেছিলেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরও এই কথা লিখেছিলেন। তিনি লিখেছেন যে, "এই নীতিগুলি সম্বন্ধে কত বলা হয় এমনকি এইগুলি সম্বন্ধে লিখেওছেন তিনি, কিন্তু সত্যি সত্যিই এইগুলিকে ভিত্তি করে কেউ জীবনধারণ বা চালনা করতে পারেন তা একমাত্র গান্ধীজিই দেখিয়েছেন।" রবীন্দ্রনাথের মতো গান্ধীবোদ্ধা প্রায় নেই বললেই চলে এবং তা কেবল গান্ধীজির কোনো বিশেষ বৈশিষ্ট্য নিয়ে নয়, তাঁর সুউচ্চ মানবিক মূল্যবোধসম্পন্ন সমগ্র জীবন, দুর্জয় সাহস ও সকলের কল্যাণে প্রয়োজনে জীবন উৎসর্গও কবিকে গভীরভাবে মুগ্ধ ও প্রভাবিত করেছিল এবং বক্তৃতা ও লেখায় নানাভাবে তিনি তা ব্যক্ত করেছেন। আমার বর্তমান নিবন্ধটিতে জাতীয়তাবাদী সংগ্রামের প্রেক্ষাপটে গান্ধী ও রবীন্দ্রনাথ—এই দুই মহামানবের পারস্পরিক সম্পর্ক সমগ্র মানব সভ্যতার ইতিহাসে বিপুলভাবে প্রভাবিত করেছিলো তা আলোচনা করবো।

**সূচক শব্দাবলী :** মুকুটহীন রাজা, সত্যাগ্রহ, মূল্যবোধ, জাতীয়তাবাদী আন্দোলন।

মহাত্মা গান্ধীর পুরো নাম—মোহনদাস করমচাঁদ গান্ধী। গান্ধী পদবীর অর্থ গুজরাটি ভাষায়, মুদী। এ থেকেই অনুমান করা যায়, মহাত্মাজির পূর্বপুরুষরা কখনো কোনোকালে মুদীর ব্যবসা করতেন। কিন্তু মহাত্মাজীর পিতামহ থেকে মন্ত্রিত্বই করে এসেছেন তিন পুরুষ। গান্ধীজির পিতামহের নাম উত্তমচন্দ বা উতা গান্ধী। উত্তমচন্দ কি রকম সাহসী, সত্যপ্রিয় ও দৃঢ়সম্পর্ক ব্যক্তি ছিলেন, সে সম্বন্ধে বহু কাহিনি-কিংবদন্তী প্রচলিত

আছে। তিনি ছিলেন বোম্বাইয়ের অন্তর্গত পোরবন্দরের রাজার মন্ত্রী। রাজার সঙ্গে তাঁর কোনো বিবাদ-বচসা হওয়ায় তিনি পোরবন্দর ত্যাগ করে পালিয়ে গিয়ে জুনাগড়ের নবাবের আশ্রয় নেন। সেখানে নবাবকে বাম হাতে সেলাম করেছিলেন। এই অসৌজন্যের কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেছিলেন— "ডান হাতটা তো আমি পোরবন্দরকে দিয়ে ফেলেছি।" উতা গান্ধীর দুই বিয়ে। তাঁর প্রথমা স্ত্রীর গর্ভে চারটি এবং দ্বিতীয় স্ত্রীর গর্ভে দুইটি পুত্র জন্মে। এই পুত্রদের মধ্যে পঞ্চম নাম করমচাঁদ বা কাবা গান্ধী। কাবা গান্ধীর আবার চার বিয়ে। তাঁর কনিষ্ঠা পত্নী পুতলীবাঈয়ের গর্ভে এক কন্যা এবং তিন পুত্র হয়। এই পুত্রদের মধ্যে সর্বকনিষ্ঠ হলেন—মহাত্মা গান্ধী।

ব্রিটিশ উপনিবেশিক শাসনে উপনিবেশবাদ সম্পর্কে রবীন্দ্রনাথ ও গান্ধীর চিন্তাভাবনার অনেক সহজাত বিরোধিতা ছিল। রবীন্দ্রনাথ ব্রাহ্ম ধর্মের পরিবেশনায় বেড়ে ওঠেন। তাঁকে উত্তরবঙ্গে পারিবারিক সম্পদ দেখাশোনার দায়িত্ব অর্পণ করা হয়েছিল। সেখানে তিনি গ্রামের লোকেদের দৈনন্দিন জীবনের সংস্পর্শে আসেন। তিনি সেখানে তাঁর গ্রামের পুনর্নির্মাণ কার্যক্রম শুরু করেছিলেন। ১৯০১ সালে তিনি কলকাতা থেকে দূরে শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেছিলেন, তাঁর বিদ্যালয়টি ব্রহ্মচর্যাশ্রম নামে পরিচিত। গান্ধী একটি ঐতিহ্যবাহী হিন্দু পরিবারে বেড়ে ওঠেন। তাঁকে ব্যারিস্টার হওয়ার জন্য ইংল্যান্ডে পাঠানো হয়েছিল। তিনি সেখানে বসবাসরত একজন ভারতীয় ব্যবসায়ীর জন্য কাজ করতে দক্ষিণ আফ্রিকা গিয়েছিলেন। সেখানে তিনি নৃশংসভাবে বর্ণবাদী সরকারের মুখোমুখি হয়েছিলেন। অন্যায়ের বিরুদ্ধে তাঁর আজীবন ক্রুসেড শুরু হয়েছিল সেখানেই। সেখানে তিনি বন্দীদের বাচ্চাদের পড়াতে শুরু করেছিলেন। এভাবে তাঁর শিক্ষার ধারণাটি বিকশিত হয়েছিল। ১৯১৫ সালে ভারতে ফিরে এসে তিনি স্বাধীন ভারতে শিক্ষার বিষয়ে আরও মনোনিবেশ করেন। রবীন্দ্রনাথ ঠাকুর এবং মহাত্মা গান্ধী : আধুনিক ভারতের অভিপ্রায় দুটি স্তম্ভের উপর নির্ভর করে—বলা কোনও অতিরঞ্জিত হবে না।

গান্ধী এবং রবীন্দ্রনাথ এই দুই ব্যক্তিত্বকে বাদ দিয়ে বা পাশ কাটিয়ে বিংশ শতাব্দী ও তার পরবর্তী ভারতবর্ষকে অনুধাবন করা কার্যত অসম্ভব। গান্ধী এবং রবীন্দ্রনাথের তুলনা এবং সূক্ষ্ম মতভেদের দিকগুলি আবার যাঁরা যত গভীরে গিয়ে ভারতের সামাজিক সমস্যাগুলি বুঝতে চান—তাঁদের কাছে তত বেশি তাৎপর্যপূর্ণ বলে মনে হবে। রবীন্দ্রনাথের মতন মতাদর্শকে সচেতনভাবে পুনঃপুনঃ এড়িয়ে চলা গান্ধীর পক্ষে সম্ভব হয়নি। তার ফলে গান্ধীবাদ নামের যে ভাববস্তুটি একটু একটু করে গড়ে উঠল, তার তলায় আসল গান্ধী চাপা পড়ে গেলেন। ভারতবর্ষের বাস্তব সামাজিক সমস্যাগুলির ওপর গান্ধীর যে সব বক্তব্য ও মৌলিক চিন্তা—সেগুলি কিছু অকেজো, লোকঠকানো, স্লোগানধর্মী গান্ধীবাদের তলায় বেমালুম তলিয়ে গেল। অথচ সমস্যাগুলি (জাতিভেদ, পরিবেশ, প্রযুক্তি, সাহস, সহনশীলতা, নৈতিকতা) দিনকে দিন আরও প্রাসঙ্গিক হয়ে উঠছে। প্রকৃত বা প্রাকৃত গান্ধী এখন টিকে আছেন অনেকটাই বিদেশি, বিশেষত পশ্চিমী গবেষক এবং চিন্তকদের আগ্রহ এবং কৌতূহলের বৃত্তের মধ্যে। বলাবাহুল্য, তাঁদের সেই আগ্রহ আবেগ বর্জিত, গান্ধীবাদ বর্জিত।

রাজকোটে থাকাকালে শৈশবেই গান্ধীজি হিন্দু, জৈন, মুসলমান ও পারসি ধর্মাবলম্বীদের সংস্রবে আসেন। এরা সকলেই তাঁর বাড়িতে যাতায়াত করতেন। ফলে এই সকল ধর্ম সম্পর্কে সহিষ্ণুতা

শৈশবেই তাঁর মধ্যে গড়ে ওঠে। বাকি ছিল একমাত্র খ্রিস্টান ধর্ম। খ্রিস্টান ধর্মের প্রতি প্রথম গান্ধীজির ছিল অভক্তি। কারণ, হাইস্কুলের এক কোণে দাঁড়িয়ে পাদরিরা যখন খ্রিস্টান ধর্ম সম্পর্কে বক্তৃতা দিত, তখন তারা হিন্দু ও হিন্দুর দেবতাদের গালাগালি করতো। কিন্তু গান্ধীজি পরবর্তী জীবনে খ্রিস্টান ধর্মের প্রতি এমন আকৃষ্ট হন এবং খ্রিস্টের বাণীগুলিকে এমনভাবে গ্রহণ ও প্রয়োগ করেন যে, মানব সভ্যতার ইতিহাসে খ্রিস্টের সঙ্গে গান্ধীজির নাম অনেকের কাছে আজ অবিচ্ছেদ্য হয়ে পড়েছে। কোনো শ্রেষ্ঠ খ্রিস্টান একথাও বলেছেন, গান্ধীজির জীবনের সঙ্গে খ্রিস্টের জীবনের বহু ঘটনার হুবহু মিল দেখা যায়।

ভারতীয় জাতীয়তাবাদী আন্দোলনের পদ্ধতি সম্পর্কে অবশ্য রবীন্দ্রনাথের স্পষ্ট কোনো অভিমত ছিল না। তিনি শাসনতান্ত্রিক পদ্ধতিতে ও দরখাস্ত প্রেরণের রাজনীতিকে বিদ্রূপ করেছেন। আবার চরমপন্থী আন্দোলন সম্পর্কেও তিনি বহু জায়গায় তাঁর সমালোচনামূলক ও কঠোর ভাষা প্রয়োগ করেছেন। গান্ধী যে অসহযোগের ডাক দিয়েছিলেন সে সম্পর্কেও তাঁর গভীর সংশয় ছিল। ১৯২১ সালে মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলনের বিরুদ্ধতাই করেছিলেন রবীন্দ্রনাথ। তাঁর লেখা ‘শিক্ষার মিলন’ বা ‘সত্যের আহ্বান’ প্রবন্ধ দুটি এই আন্দোলন বিরোধিতার দৃষ্টান্ত। তিনি জাতীয়তাবাদী চিন্তার ভিত্তিতে স্বাধীনতা আন্দোলনের কোনো নির্দিষ্ট পথনির্দেশও করেননি। অর্থাৎ এই সকল সক্রিয় আন্দোলনকারী গোষ্ঠীগুলির সততা, ত্যাগ, সাহস, নিষ্ঠা প্রভৃতির প্রতি তাঁর শ্রদ্ধার বোধও ছিল। বহু প্রচ্ছন্ন ইঙ্গিতময় ও অর্থপূর্ণ কবিতা, চিঠি ও গানে তিনি আন্দোলনকারীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। “ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা”, “অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া”, “আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে” প্রভৃতি গান, ‘এবার ফিরাও মোরে’, ‘বর্ষশেষ’, ‘ঝড়ের খেয়া’, ‘নবজাতক’ প্রভৃতি কাব্য তৎকালীন আন্দোলনকারীদের গোষ্ঠীনির্বিশেষে অনুপ্রাণিত করেছিল। শেষ পর্যন্ত তিনি যে স্বাদেশিকতার পথ দেখান সেখানে প্রতিটি মানুষের স্বয়ম্ভরতা ও স্বাধীন মনোবৃত্তি গড়ে তোলার কথা বলা হয়েছিল। তিনি বলেছিলেন গঠনমূলক কাজের মাধ্যমে প্রত্যেককে আত্মশক্তি অর্জন করতে হবে। “আমাদের গ্রামের, আমাদের পল্লীর শিক্ষা, স্বাস্থ্য, পথঘাটের উন্নতি সমস্তই আমরা নিজে করিতে পারি—যদি ইচ্ছা করি, যদি এক হই।” একতা হল একটি মঙ্গলময় শক্তি। তবে এই একতা আনার পথে দুস্তর বাধা আছে। আমাদের দেশে শিক্ষিত ও অশিক্ষিত শ্রেণির মধ্যে যে ব্যবধান আছে তা দূর করতে হবে। রবীন্দ্রনাথ দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে, “নীচের লোকদের নিষ্কৃতি না দিলে কখনোই যথার্থ ‘নিষ্কৃতি নেই’ ”। জনসাধারণের মন না জানলে নেতা হওয়া যায় না। নেওয়া যায় না সেবা করার দায়।

রবীন্দ্রনাথ মৃত্যুকে মিত্র বলে অনুভব করেছেন ভাবলোকে, ভাবলোকেই তাকে আমন্ত্রণ জানিয়েছেন। কিন্তু গান্ধীজি মৃত্যুকে বারে বারে আহ্বান করেছেন, কেবল ভাবে নয়, কার্যেও। তার প্রমাণ তাঁর জীবনের সপ্তদশ অনশন। প্রতিবারেই আমরা দেখেছি, মৃত্যুর সঙ্গে তাঁর অপূর্ব খেলা, দুঃসাহসিক রসিকতা। রবীন্দ্রনাথ মৃত্যুর সঙ্গে মিতালি করেছিলেন ভাবে। মহামানব যিশুও ক্রুশবিদ্ধ অবস্থায় মৃত্যুর সম্মুখে নিজেকে অসহায় বোধ করেছিলেন, বিধাতার করুণায় ‘বিধাতা-পুত্রেরও’ সংশয় জন্মেছিল— “My God, My God, why has thou forsaken me?” এ-বিষয়ে পৃথিবীতে গান্ধীজির একমাত্র তুলনা মেলে গ্রিক দার্শনিক সক্রেতিসের মধ্যে। হেম্লকের বিষ পান

করেও মৃত্যুকে নির্লিপ্ত নির্বিকার সক্রেতিস হাসিমুখে শিষ্যদের সঙ্গে আলাপ করছেন, যেন কিছুই ঘটেনি—কয়েক মুহূর্ত পূর্বে জীবন ও কয়েক মুহূর্ত পরের মৃত্যু, এর মধ্যে যেন কোনো ভেদ নেই, কোনো ছেদ নেই। কিন্তু তাঁকেও গান্ধীজির মতো ক্রীড়াচ্ছলে মৃত্যুকে বারে বারে আলিঙ্গন করতে আমরা দেখিনি। সক্রেতিস ও গান্ধীজির উভয়ের কাছে জীবন ও মৃত্যুর মধ্যে ভেদ ছিল না।

রবীন্দ্রনাথ গান্ধীজিকে শ্রদ্ধা করতেন, তাঁকে বহুকোটি গরিবের মুক্তির পথপ্রদর্শক বলেও বারবার অভিহিত করেছেন কিন্তু গান্ধীর সবকটি রাজনৈতিক আন্দোলন কিংবা তাঁর চরকা-খাদির অর্থনৈতিক দর্শনকে মেনে নিতে পারেননি। অসহযোগ আন্দোলন বিষয়ে কবির বিরুদ্ধতার নানা কারণ ছিল। লোভ-ক্রোধ-মাৎসর্যের বশবর্তী হয়ে আন্দোলনে ব্রতী হওয়াকে রবীন্দ্রনাথ জাতীয় মুক্তির পথ বলে মনে করেননি। তাকে সংকীর্ণতার রাজনীতি বলে মনে করতেন। তিনি লিখেছিলেন, এক বছরের মধ্যে স্বরাজ এনে দেবার স্বপ্ন গান্ধী নেতৃত্বের বলিষ্ঠতা প্রতিষ্ঠা করেনি, তার মনমাতানো চরিত্রকে তুলে ধরেছেন যেটা গান্ধীজির মতো ত্যাগব্রতী-সত্যসন্ধানী নেতার কাছে আশা করা যায়নি। তাছাড়া অসহযোগ আন্দোলনে রবীন্দ্রনাথ উগ্র জাতীয়তাবাদের অশনি সংকেত দেখেছিলেন। সাম্রাজ্যবাদী শাসনের বিরোধিতা করা এক কথা, কিন্তু পশ্চিমী শিক্ষা-সংস্কৃতির প্রতি মানুষকে বিমুখ করে তোলা কবি বরদাস্ত করতে পারেননি। খেয়াল রাখতে হবে ১৯১৮ সালে রবীন্দ্রনাথ তাঁর শান্তিনিকেতন বিদ্যালয়কে বিশ্বভারতীতে রূপান্তরিত করার কাজ শুরু করেছিলেন। 'যত্র বিশ্বম্ ভবতি একনীড়ম্' ছিল তাঁর মূল মন্ত্র অর্থাৎ বিশ্বের বিভিন্ন সভ্যতার উৎকৃষ্ট অংশকে সম্মিলিত করার কেন্দ্র হবে বিশ্বভারতী—নানা জাতির মিলনে হয়ে উঠবে শান্তিনিকেতন এক আন্তর্জাতিক পীঠস্থান। কবির এই স্বপ্নের ঠিক বিপরীত মার্গে ছিল গান্ধীজির অসহযোগ আন্দোলন। গান্ধীজি এবং কংগ্রেসের আরও বহু নেতা চেষ্টা করেছিলেন রবীন্দ্রনাথের সমর্থন আদায় করতে কিন্তু পারেননি। ১৯৩২ সালে গান্ধীজির পুনা প্যাক্টের সময়ে রবীন্দ্রনাথ কিন্তু মহাত্মা গান্ধীর পাশে দাঁড়িয়েছিলেন। ১৯৩১ সালে দ্বিতীয় গোলটেবিল বৈঠক বিফল হয়েছিল সাম্প্রদায়িক কলহে জাতীয় নেতারা মেতে উঠেছিলেন বলে। এই আত্মকলহে বিরক্ত গান্ধীজি দেশে ফিরে আসার পর বড়লাট লর্ড উইলিংডনের অবিমৃশ্যকারিতার জন্য গান্ধী কারারুদ্ধ হন ১৯৩২ সালের ৮ জানুয়ারি। রবীন্দ্রনাথ এর তীব্র প্রতিবাদ জানিয়ে প্রেসে বিবৃতি দিয়েছিলেন। ব্রিটিশ প্রধানমন্ত্রী র‍্যামসে ম্যাকডোনাল্ডকে বেতার করে জানালেন : "The sensational policy of indiscriminate repression being followed by Indian Government starting with imprisonment of Mahatmaji is unfortunate in causing permanent alienation of our people from yours making it extremely difficult for us to cooperate with your representations for peaceful political adjustment." কিন্তু এসব প্রতিবাদে সরকার কর্ণপাত করল না, গান্ধীজি কারারুদ্ধই থাকলেন। সেপ্টেম্বর মাসের কুড়ি তারিখ খবর এলো যে, গান্ধীজি পুণার য়েরবাদা জেলে অনশন শুরু করবেন। কারণ সরকার মুসলিম লিগ এবং আম্বেদকরের নেতৃত্বে তপসিল জাতির দাবি অনুযায়ী ভারতবর্ষে সাম্প্রদায়িক বাঁটোয়ারার নীতি গ্রহণ করছে। এর ফলে মুসলিমদের পৃথক নির্বাচকমণ্ডলী তো বটেই, তপসিলিভুক্ত

মানুষদের জন্যও আলাদা নির্বাচকমণ্ডলী তৈরি হবে। গান্ধীজির অনশন শুরু হল, রবীন্দ্রনাথ এই বাঁটোইয়ারা নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে দেশবাসীর উদ্দেশে বললেন, ''My advice to my countrymen is that they should ignore this award and focus all their forces for the united consideration of these new measures that will soon be inaugurated. The solution of the communal problem is in our own hands and we should take advantage of the new feeling of resentment that is sweeping intellectual circles in our country today against irrational communal and class differences, come to agreement between ourselves and thus remove one of the greatest obstacles in the path of our national self-expression.'' শেষ পর্যন্ত অবশ্য আম্বেদকর তাঁর দাবি তুলে নিয়েছিলেন এবং তপসিল জাতিভুক্ত হিন্দুদের জন্যও পৃথক নির্বাচকমণ্ডলী তৈরি হয়নি। তবে তাদের জন্যও আইনসভায় কিছু আসন সংরক্ষণের ব্যবস্থা হয়েছিল। গান্ধীজির এই ঐতিহাসিক অনশন ভাঙার জন্যও রবীন্দ্রনাথ পুণায় গিয়েছিলেন এবং অনশন ভঙ্গের পর গান্ধীজির ইচ্ছায় গান গেয়ে শুনিয়েছিলেন 'জীবন যখন শুকায়ে যায় করুণাধারায় এসো'।

১৯৩৯ সালে গান্ধী-সুভাষ বিরোধের ঘটনা তীব্র হয়ে উঠল এবং কংগ্রেসের সর্বভারতীয় নেতাদের আচরণে বিরক্ত হয়ে সুভাষচন্দ্র তাঁর কংগ্রেস-সভাপতি পদে ইস্তফা দিলেন। এই ঘটনার প্রেক্ষিতে ১৯৩৯ সালের ৮ মে রবীন্দ্রনাথ সুভাষকে টেলিগ্রাম করে জানালেন, ''The dignity and forbearance which you have shown in the midst of a most aggravating situation has own my admiration and confidence in your leadership. The same decorum has still to be maintained by Bengal for the sake of her own self-respect and thereby to help to turn your apparent defeat into a permanent victory.'' এর সঙ্গে উল্লেখ্য এই যে, কবি সুভাষচন্দ্রের নেতৃত্বকে আবাহন করে এই সময়েই লিখেছিলেন 'দেশনায়ক' প্রবন্ধটি এবং এর অল্প কিছুকাল আগে সুভাষচন্দ্র পরিকল্পিত মহাজাতিসদন-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন কবি এই ভবনের তাৎপর্য ও গৌরব স্বীকার করে। জাতীয় রাজনীতির সঙ্গে সঙ্গে আন্তর্জাতিক রাজনীতির বিভিন্ন ঘটনার সঙ্গেও কবির যোগ ছিল নিরন্তর। প্রথম মহাযুদ্ধের সময় তাঁর যুদ্ধবিরোধী মনোভাব নানাভাবে প্রকাশিত হয়েছে। ১৯১৬ সালে জাপানে ও মার্কিন যুক্তরাষ্ট্রে প্রদত্ত বক্তৃতাসমূহে তিনি এই যুদ্ধের কারণ হিসেবে জাতীয়তাবাদের মতাদর্শকে আক্রমণ করেছিলেন কঠোর ভাষায়। সেই বক্তৃতাগুলি তাঁর Nationalism পুস্তিকাটিতে বিবৃত আছে। কবি-প্রচারিত শান্তিবাদ ও মানবতাবাদ বিশ্বের বহু মনীষীর সঙ্গে রঁম্যা রলাঁকে আকৃষ্ট করেছিল এবং আমৃত্যু রঁলা-রবীন্দ্রনাথের শান্তি আন্দোলন অব্যাহত ছিল। দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে ১৯৩৬-৩৭ সাল থেকে ফ্যাসিবাদ বিরোধী সংগ্রামে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে রবীন্দ্রনাথের ভূমিকাও অবিস্মরণীয়। গানে-কবিতায়-ভাষণে কবি তীব্র ধিক্কার জানিয়েছিলেন ফ্যাসিবাদী শক্তিকে। এইসব মিলিয়ে ব্যবহারিক রাজনীতির আঙিনায় রবীন্দ্রনাথের অবস্থান ছিল খুবই তাৎপর্যপূর্ণ।

রবীন্দ্রনাথ তাঁর নিজের অভিজ্ঞতার মধ্য দিয়ে অনেক শিখেছেন। একদিন তিনি বঙ্গভঙ্গ বিরোধী

আন্দোলনে যোগ দিয়েছিলেন। দেশ জননীর সঙ্গে দুর্গার ভাবনাকে মিলিয়ে তিনিও একদিন স্বদেশী গান লিখেছিলেন। সেই গানের ভাষায় দুর্গার চিত্রকল্প অনেকটা আচ্ছন্ন ছিল, বন্দেমাতরম্ গানের মতো 'ত্বংহি দুর্গা দশ প্রহরণধারিণী'-র মতো প্রকাশ্য ছিল না, তবু তা ছিল, যেমন 'আজি বাংলাদেশের হৃদয় হতে' গানটিতে 'ডান হাতে তোর খড়্গ জ্বলে, বাঁ হাতে করে শঙ্কা হরণ'—এই খড়্গাপানি দেশমাতার মধ্যে দুর্গার চিত্রকল্প মুহূর্তের জন্য হলেও উঁকি দিয়ে যায়। তবে মনে হয় এই রূপ কল্পনা 'ত্বংহি দুর্গা' যেমন অহিন্দুর কাছে যতটা অগ্রাহ্য, হিন্দুর কাছে ততটা অগ্রাহ্য নয়। রবীন্দ্রনাথ নিজে লিখেছিলেন, 'অয়ি ভুবনমনোমোহিনী / অয়ি নির্মলসূর্যকরোজ্জ্বল ধরণী / জনকজননী-জননী!' তাঁর এই গানটি সম্পর্কে শেষ জীবনে বলেছিলেন যে, এই গান হিন্দু-মুসলমান-খ্রিস্টান নির্বিশেষে সকল ভারতবাসীর গ্রহণযোগ্য নয়। বোধ হয় তাঁর মনে হয়েছিল এই গানে হিন্দু মানসিকতা প্রধান হয়ে উঠেছে। এই যখন তাঁর নিজের গান সম্পর্কেই তাঁর নিজের ধারণা, তখন বন্দেমাতরম্ গান সম্পর্কে তাঁর ধারণা যে অন্য রকম হবে, তা আমরা আশা করতে পারি না। এ জন্যই ১৯৩৭ সালে কংগ্রেস সভাপতি জওহরলাল যখন জাতীয় সংগীত হিসেবে বন্দেমাতরম্ সম্পর্কে মুসলিম লীগের আপত্তি বিষয়ে রবীন্দ্রনাথের মত জানতে চান, তখন রবীন্দ্রনাথ এই গানের প্রথম দুটি স্তবক ভারতের জাতীয় সংগীত হতে পারে বলে তাঁকে চিঠিতে জানিয়েছিলেন। কেননা এই দুটি স্তবকে এমন কোনো ভাবনা প্রকাশিত হয়নি, যা অহিন্দুর কাছে অগ্রাহ্য হতে পারে। আর সর্বোপরি এই গান আমাদের জাতীয় জীবনে যেভাবে প্রেরণা সঞ্চার করেছে, যেভাবে এক বিশিষ্ট গৌরবময় মর্যাদা পেয়েছে, এই গান কণ্ঠে নিয়ে শত শত শহীদ যেভাবে আত্মোৎসর্গ করেছেন, তাতে জাতীয় সংগীত হিসেবে তার স্বীকৃতি অনেককাল আগেই ঘটে গেছে। কংগ্রেস সভাপতি জওহরলাল নিখিল ভারত কংগ্রেস কমিটির সভায় যে কথা বলেছিলেন, তা আজও বিশেষভাবে স্মরণীয়। তিনি বলেছিলেন, অন্যভাবে বিদ্বিষ্ট না হলে কারও পক্ষেই এ গানের প্রথম দুটি স্তবক সম্পর্কে কোনো আপত্তি তোলাই সম্ভব নয়। ১৮৮৪ সালে রবীন্দ্রনাথের কবি কণ্ঠে ধ্বনিত হল, আমন্ত্রণ গীতি :

"তবে উঠে এসো, যদি থাকে প্রাণ—
তবে তাই লহো সাথে, তবে তাই আজি করে দান,
কি গাহিবে, কি শুনাবে।
বলো মিথ্যা আপনার সুখ
মিথ্যা আপনার দুঃখ,
মহাবিশ্ব জীবনের তরঙ্গেতে নাচিতে নাচিতে
নির্ভয়ে ছুটিতে হবে সত্যের করিয়া ধ্রুবতারা।।"

যখন কবির হৃদয় থেকে এই বাণী উৎসারিত হচ্ছে, তখন সুদূর দক্ষিণ আফ্রিকায় গান্ধীজি নিজেকে এই আদর্শেই গড়ে তুলছেন, সুবিপুল দুঃখ, দৈন্য ও অত্যাচারের মধ্যে আত্মবিশ্বাসের ছবি তুলে ধরার চেষ্টা করছেন, সর্বপ্রকার দুঃখ বরণ, ত্যাগ স্বীকারের জন্যে এবং প্রয়োজনে প্রাণ বিসর্জন দেবার জন্যেও সবাইকে আহ্বান জানাচ্ছেন। কবি কণ্ঠে তার অনুরণন শোনা গেল তাঁর গুরু গোবিন্দ কাব্যে—

"কবে প্রাণ খুলে বলিতে পারিব
পেয়েছি আমার শেষ।
তোমরা সকলে এসো মোর পিছে
গুরু তোমাদের সবারে ডাকিছে,
আমরা জীবনে লভিয়া জীবন
জাগোরে সকল দেশ।।"

তাই গান্ধীজি ভারতে যখন শোষণকারী ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে অসহযোগের আহ্বান জানালেন—এর

আভাসও কবি যেন পূর্বেই পেয়েছিলেন তাঁর এই বিখ্যাত গানটিতে—

"বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও।
বন্দী প্রাণ মন হোক উধাও।।
শুকনো গাঙে আসুক
জীবনের বন্যার উদ্দাম কৌতুক
ভাঙনের জয় গান গাও।"

লবণ সত্যাগ্রহের সময়কালে ১৯৩০ সালের সংগ্রামের রোমাঞ্চকর ঘটনাবলী দেখেই বোধ করি কবি ঋষি মানস দৃষ্টিতে 'গান্ধী' নামক এই মহান চরিত্রটির মূল বৈশিষ্ট্য ফুটে উঠেছিলো তাঁর বিখ্যাত 'শিশুতীর্থ' কবিতাটিতে—

"মেঘ যখন ঘনীভূত
নিশাচর পাখি চিৎকার শব্দে যখন উড়ে যায়
সে বলে ভয় নাই ভাই, মানবকে মহান বলে জেনো
ওরা শোনে না। বলে পশু শক্তি আদ্যাশক্তি।"

রবীন্দ্রনাথ 'চণ্ডালিকা' গীতিনাট্য লিখলেন এবং গাইলেন—

"ফুল বলে, ধন্য আমি, ধন্য আমি মাটির পরে।
দেবতা ওগো, তোমার সেবা আমার ঘরে।
জন্ম নিয়েছে ধুলিতে
দয়া করে দাও ভুলিতে, দাও ভুলিতে, দাও ভুলিতে
নাই ধুলি মোর অন্তরে—
নাই, নাই ধুলি মোর অন্তরে।
নয়ন তোমার নত করো,
দলগুলি কাঁপে থরোথরো, থরো থরো।"

কেবল অত্যাচারীর অচলায়তন ভাঙাই নয়, গড়ার কাজেও ব্যাপৃত হয়েছেন গান্ধীজি তাঁর গঠনমূলক কার্যক্রমের মাধ্যমে, স্বরাজ স্থাপনের কাজে। কবি অনেক আগেই এই কাজে ব্যাপৃত হয়েছেন যেন পূর্বসুরীর আলোকবর্তিকা হাতে নিয়ে শিলাইদহ শ্রীনিকেতনের পথে গেয়েছেন—

"ফিরে চল্, ফিরে চল্, ফিরে চল্ মাটির টানে—
যে মাটি আঁচল পেতে চেয়ে আছে মুখের পানে।"

সত্যাগ্রহ, অহিংসার কথা কবি লিখেছেন তাঁর 'প্রায়শ্চিত্ত' কাব্যে, অহেতুক যন্ত্রের বিরুদ্ধে 'মুক্তধারা' নাটকে আর 'প্রতিনিধি' কাব্য বা 'শারদোৎসব' নাটকে লিখেছেন Trusteeship বা অছিবাদ সম্বন্ধে।

'ঘরে বাইরে' উপন্যাসে বিদেশি পণ্য বর্জনের আন্দোলনে ক্ষতিগ্রস্ত বাংলার দরিদ্র মুসলমান ও নিম্ন বর্ণের হিন্দুদের বিরোধিতার একটি তথ্যসম্মত ছবি আমরা দেখতে পাই। সস্তা বিদেশি ভালো পণ্যের বদলে দামি স্বদেশি খারাপ পণ্য কিনতে সাধারণ মানুষ এই আন্দোলনের ফলে বাধ্য হল। স্বভাবতই তারা ক্ষুব্ধ হয়। এই আন্দোলনের সঙ্গে তারা প্রাণের যোগ অনুভব করেনি। দেশের সাধারণ মানুষকে চিরাচরিত হাতের কাজে উৎসাহিত করে নানা ধরনের কুটির শিল্প ব্যাপক ভিত্তিতে গড়ে তোলার চেষ্টার মধ্য দিয়ে বিদেশি পণ্য বর্জনের আন্দোলন সফল হতে পারে বলে রবীন্দ্রনাথের বিশ্বাস ছিল। যে স্বাদেশিকতা আমাদের শুধুই বর্জন করতে শেখায়, ভাঙতে প্ররোচিত করে, গড়তে উৎসাহ দেয় না, সম্মিলিত আত্মকর্তৃত্বে দীক্ষিত করে না, সেই স্বাদেশিকতায় কবির সমর্থন ছিল না। ভাঙার চেয়ে গড়া সব সময়েই কঠিন কাজ, তার মধ্যে উত্তেজনা নেই, আছে নিঃশব্দ আত্মনিবেদন। এই আত্মনিবেদিত কর্মের বন্ধনেই বহু ভাষায় ও ধর্মে বিভক্ত এদেশের মানুষ ঐক্যবদ্ধ হতে পারে। শুধু বিদ্বেষের সূত্রে যে গ্রন্থিবন্ধন, সেই গ্রন্থি টুটে যায় যখন বিদ্বেষের কারণটি থাকে না। প্রায় ভবিষ্যৎবাণীর মতো রবীন্দ্রনাথ লিখেছিলেন যে, যখন ইংরেজ এই দেশ ছেড়ে চলে যাবে, তার প্রতি বিদ্বেষের কোনো কারণ থাকবে না, তখন আমরা পরস্পর ঠোকাঠুকি করে মরব। এই

প্রসঙ্গেই বিশেষভাবেই জীবনের শেষ দুটি দশক জুড়ে তিনি হিন্দু-মুসলমান সম্পর্ক বিষয়ে ভেবেছেন। রাজনীতির আশু সিদ্ধির তাড়ায় গান্ধীজি যখন অসহযোগের সঙ্গে মুসলমানের ধর্মীয় খিলাফৎ আন্দোলনকে যুক্ত করে হিন্দু-মুসলমান মিলনে জোয়ার তুললেন, তখন রবীন্দ্রনাথ বলেছিলেন যে এই জোয়ার শেষে ভাঁটা নামতেও দেরি নেই, তা অচিরেই নেমেছিল। এই ভরা জোয়ারের মুখেই দক্ষিণ ভারতে মুসলমান ও হিন্দুদের মধ্যে দাঙ্গা বাধে।

১৯৩২ সালের ২৫ মার্চ গান্ধীজি বলছেন— "রবীন্দ্রনাথ সম্বন্ধে আমরা যতই বলি না কেন তা পর্যাপ্ত হবে না। তাঁর মত উন্নত প্রতিভাশালী মানুষ সমগ্র জগতে কেউ আছেন কিনা তাতে সন্দেহ আছে।" ১৯৪০ সালের সেপ্টেম্বর মাসে কবিগুরু কালিম্পঙে হঠাৎ অসুস্থ হয়ে পড়লেন ও কলকাতায় চলে এলেন। দুদিন পরে গান্ধীজির শুভেচ্ছা বার্তা নিয়ে তাঁর একান্ত সচিব মহাদেব ভাই দেশাই জোড়াসাঁকোয় রবীন্দ্রনাথের সঙ্গে দেখা করলেন। গান্ধীজির চিঠি পড়ে কবিগুরুর দুচোখ বেয়ে জলধারা নেমে এলো। গান্ধীজি আবার লিখলেন "...মানবতা আপনাকে চায়, আপনি আরও কিছুদিন থাকুন।" ১৯৪০-এ জীবদ্দশায় গান্ধীজির শেষবারের মত শান্তিনিকেতনে ভ্রমণ। গান্ধীজি বললেন যে, গুরুদেব ও তাঁর মধ্যে অমিলের খোঁজ অনেকেই খুঁজেছেন, কিন্তু অনেক চেষ্টা সত্ত্বেও তাঁর এই 'পবিত্র উপলব্ধি' হয়েছে যে তাঁর ও গুরুদেবের মধ্যে কোনো অমিলই ছিল না। কবি হাত ধরে নিয়ে যা সেই ঘরে যেখানে গান্ধীজি কাটাবেন রাত। আয়োজনে অভিভূত মহাত্মা বললেন, "এতো বাসর ঘর, কনে কই?" কবি বললেন, "কনে আছে"। ফেরার পথে গান্ধীজির হাতে রবীন্দ্রনাথ দিলেন একটি পত্র, বললেন, "এটি গাড়িতে উঠে পড়বেন।" গান্ধীজি দেখলেন যে কবি লিখেছেন— "বিশ্বভারতী আমার জীবনের শ্রেষ্ঠ ফসল। আমি এখন অন্য পথের যাত্রী। আপনার হাতে এর স্থায়িত্বের ভার তুলে দিয়ে নিশ্চিন্ত হলেম।" ১৯৪১ সালের ৭ আগস্ট রথীন্দ্রনাথের মহাপ্রয়াণ। কবিপুত্র রবীন্দ্রনাথকে গান্ধীজি লিখলেন— "...তুমি যা হারালে আমিও তাই হারালাম, না সমগ্র জাতি, জাতি কেন সারা জগত তা হারালো।"

পরিশেষে বলা যেতে পারে যে, রবীন্দ্রনাথ ও গান্ধীজির পারস্পরিক এই সম্পর্কটি দুটি ঘটনার পরিপ্রেক্ষিতে ভাস্বর হয়ে উঠেছে। প্রথমটি ১৯৩২ সালের ১৯ আগস্ট কুখ্যাত 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' বা তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রীর 'ম্যাকডোনাল্ড এডওয়ার্ড'-এর পরিপ্রেক্ষিতে এবং ১৯৪০ সালের ফেব্রুয়ারি মাসে কবির জীবনের শ্রেষ্ঠ ফসল বিশ্বভারতীকে গান্ধীজির হাতে অর্পণ করে তার স্থায়িত্ব বিষয়ে নিশ্চিন্ততা। প্রজ্ঞাবান গান্ধীর এটাও বুঝতে কিছুমাত্র ভুল হয়নি যে এ হল বহু বহু রবীন্দ্রভক্তের মনের কথা। গুরু যে রবীন্দ্রনাথ ছিলেন এটা অনস্বীকার্য। দু-দফায় ব্রাহ্মসমাজের আচার্য যে তিনি হয়েছিলেন এটা ব্রাহ্মসমাজের বাইরে তেমন কেউ সম্ভবত মনে রাখেনি। কিন্তু, গুরু বলে তাঁকে স্বীকার করে আসছে আবালবৃদ্ধবনিতা বহুজন। মৃত্যুর অল্প কিছুদিন আগে বাংলা আকাদেমি আয়োজিত এক সভায় 'প্রসঙ্গ রবীন্দ্রনাথ' এই শিরোনামে জ্ঞাপিত এক ভাষণে শ্রদ্ধেয় অম্লান দত্ত এমন একটা কথা বলেই আলাপ শুরু করেছিলেন। রবীন্দ্রনাথ ২০.০৫.৩৯ তারিখে একটি পত্র লিখেছেন— "বুঝতে পারছি স্বদেশকে স্বতন্ত্রদানের উদ্দেশ্যে মহাত্মাজির মনে একটি বিশেষ সঙ্কল্প বাঁধা রয়েছে। মনে মনে তাঁর পথের একটি ম্যাপ তিনি এঁকে রেখেছেন। অতএব পাছে কোনো বিপরীত মতবাদের অভিঘাতে তাঁর সঙ্কল্প ক্ষুণ্ণ হয় এ আশঙ্কা

তাঁর মনে থাকা স্বাভাবিক। হয়ত মহাত্মাজির সৃজনশালায় আরও অনেক মূল্যবান নতুন উপকরণ যোগ করার প্রয়োজন আছে। এই যোগ করা যদি ধৈর্যের সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে তাঁর সহযোগিতায় না ঘটে তা হলে সমগ্রেরই ক্ষতি। এ অবস্থায় মূল সৃষ্টিকর্তার উপর নির্ভর করতেই হবে। দেশের সৌভাগক্রমে দৈবাৎ যদি এমন শক্তিসম্পন্ন পুরুষের আবির্ভাব হয় যাঁর প্রভাব সকলের ওপর, তবে তাকে তাঁর পথ ছেড়ে দিতেই হবে, তাঁর ধারাকে বিক্ষিপ্ত করতে পারবে না।।..."

ফিউচারোলজিস্ট প্রখ্যাত ইংরেজ উপন্যাসিক ও চিন্তাবিদ এইচ. জি. ওয়েলস বলেছিলেন— জীবনের উদ্দেশ্য 'আনন্দ'। মহাত্মা গান্ধী বিশ্বমানবের সঙ্গে একাত্ম হয়ে সকলের জন্য এক আনন্দময় অস্তিত্বের প্রার্থনা ও প্রচেষ্টা করেছিলেন।

**গ্রন্থসূত্র**

**বাংলা :**


১। গান্ধী মানস; সংকলিত ও সম্পাদিত— আর. কে. প্রভু, ইউ. আর রাও।
২। মহাত্মা গান্ধীর চিন্তা; অনুবাদ ও সম্পাদনা— ফা. সিলভানো গারোল্লো।
৩। মহাত্মা গান্ধী ট্রান্সক্রিয়েশন— হোসেন মীর মোশাররফ।
৪। হিন্দু ধর্ম কী— মহাত্মা গান্ধী।
৫। ভারতের আদিবাসী— সুবোধ ঘোষ।
৬। ভারতের আদিবাসী ও দলিত সমাজ— পশুপতি প্রসাদ মাহাত।
৭। জাতপাত ও জাতি : ভারতীয় প্রেক্ষাপট— সুজিত সেন সম্পাদিত।
৮। শত মনীষীর কথা— ভবেশ রায়।
৯। মণ্ডলী পত্রিকা— মে ১৯৩৮।
১০। মহাত্মা গান্ধীর নোয়াখালী অভিযাত্রা, কয়েকটি অজ্ঞাত দিক— প্রাবন্ধিক সৈয়দ আবুল মুকসুদ, দৈনিক প্রথম আলো, বিশেষ ঈদ সংখ্যা, ২০০৪।
১১। গান্ধীজি ও অহিংসা : প্রাবন্ধিক মাহমুদ যকীযুল্লাহ— ভারত বিচিত্রা, জানুয়ারি ২০০৪।
১২। বইয়ের দেশ— জানুয়ারি-মার্চ ২০০৭।
১৩। মেঘবাহন— ১ম বর্ষ ৯ম সংখ্যা, পৌষ ১৪০৮।
১৪। মহাত্মা গান্ধী আত্মকথা— শফিকুর রহমান।
১৫। ইতিহাসের চিরকূট— ড. ডেনিস দিলীপ দত্ত।


**In English :**


1. Bandyopadhyay, R. (1974), History of Bengal, Vol.- 1, Calcutta : Nababharat Publishers.
2. Bhattacharya, G (2009), Santiniketan (Bengali), Santiniketan Trust, Santiniketan.
3. During, S (1998), Post Colonialism and Globalisation : A dialectical relation after all? Post colonial Studies, I (1), 31-47.
4. Fagg, H (2006), A Study of Gandhi's Basic Education, New Delhi: National Book Trust.
5. Ghosh, B (1999), Vidyasagar and the Bengali Society, (Bengali). Calcutta : Orient Longman.
6. Kripalini, K (1980), Rabindranath Tagore, a Biography. Calcutta : Visva-Bharati.
7. Kumar Das, S (2008), The English Writings of Rabindranath Tagore, Vol.- II, New Delhi : Sahitya Akademi.
8. O'Connell, K. M (2002), Rabindranath Tagore : The Poet as Educator, Kolkata, Visva-Bharati.
9. Sil, N. P (2008), Post colonialism and Post coloniality : A Premortem Prognosis, Alternatives Turkish Journal of International Relations, l7 (4), 20-33.
10. Thompson, E (1989), Rabindranath Tagore : Poet and Dramatist, New Delhi: Oxford University Press.
11. Home, A (2006), The Calcutta Municipal Gazette : Tagore Memorial Special Supplement, Kolkata, The Kolkata.

# অগ্নিযুগের বঙ্গ বীরাঙ্গনাদের বীরগাথা

*স্বাধীনতার ৭৫ বর্ষ পূর্তির মহতী লগ্নে এই প্রবন্ধটি চারটি পর্যায়ে পত্রিকায় প্রকাশের মাধ্যমে বাংলার ৭৫ জন অগ্নিকন্যাদের প্রতি গান্ধী স্মারক সংগ্রহালয়ের বিশেষ শ্রদ্ধার্ঘ্য নিবেদন।*

**দ্বিতীয় পর্যায়**

### সুশীলা মিত্র (কুমিল্লা) :



১৮৯৩ সালে সুশীলা মিত্র জন্মগ্রহণ করেছিলেন ত্রিপুরা জেলার আশিকাঠি গ্রামে। তাঁর পিতা গুরুচরণ ঘোষ ও মাতা সরলাবালা ঘোষ। ১৯১৪-১৫ খ্রিস্টাব্দে বাংলার বিপ্লবী আন্দোলনের সহায়তার জন্য যে ইন্দো-জার্মান কমিটি গঠিত হয় তার একটি কেন্দ্র ছিল তাঁর বাড়িতে। তিনি এইসব বিপ্লবীদের আশ্রয়দান, খাদ্য যোগানো, অস্ত্রশস্ত্র রাখা, কাগজপত্র দেওয়া-নেওয়া প্রভৃতি কাজ করতেন। এই সময়েই তিনি একটি মহিলা সমিতি গঠন করেন। স্থানীয় জমিদার বাড়ির সুরুচি সেনকে অনুপ্রাণিত করে মেয়েদের ইংরেজি শিক্ষার ব্যবস্থা করেন। এছাড়া আত্মরক্ষার জন্য লাঠি ও ছোরা খেলাও মেয়েদের শেখানো হতো। এই সমিতি পাশের অনেক জেলাতেই প্রভাব বিস্তার করেছিল। ১৯২১ খ্রিস্টাব্দের অসহযোগ আন্দোলনে এবং ১৯৩০ খ্রিস্টাব্দে আইন অমান্য আন্দোলনে তাঁর সমিতির কর্মীরা যোগদান করেন। ১৯৩০ খ্রিস্টাব্দে দুই শিশু পুত্র সহ তিনি কারাবাস করেন। পরে ১৪৪ ধারা ভঙ্গ করে নোয়াখালিতে জাতীয় পতাকা উত্তোলন করার অপরাধে আবার বছরখানেক কারারুদ্ধ থাকেন। ১৯৪২ খ্রিস্টাব্দে 'ভারত ছাড়ো' আন্দোলনে সক্রিয় অংশ নেন। ১৯৪৩ খ্রিস্টাব্দে বাংলাদেশের ভয়াবহ দুর্ভিক্ষের সময় সমিতির কর্মীদের নিয়ে দুর্গতদের সাহায্যে এগিয়ে আসেন। তাঁর গাবুয়ার বাড়িতে দুঃস্থাশ্রম স্থাপন করে বহু অসহায় নারী ও শিশুদের আশ্রয় দেন। ১৯৪৬ খ্রিস্টাব্দে নোয়াখালিতে বীভৎস দাঙ্গার সময় চৌমুহনী ক্যাম্পে নারী ও শিশুদের অক্লান্তভাবে সেবা করেছেন।

### আশালতা সেন (নোয়াখালি) :



জন্ম ১৮৯৪ খ্রিস্টাব্দে নোয়াখালিতে। পিতার নাম বগলামোহন দাশগুপ্ত। আশালতা ১৯০৪ খ্রিস্টাব্দের শেষ দিকে 'অন্তঃপুরে' নামক একটি পত্রিকায় বঙ্গভঙ্গের বিরুদ্ধে একটি কবিতা লিখে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ১৯০৫-এ বালিকা বয়সেই তিনি অন্যান্য মেয়েদের সঙ্গে স্বদেশী প্রচারে বেরোতেন। বিলাতি বর্জনের সংকল্প পত্রে স্বাক্ষর সংগ্রহ করতেন। ১৯২১-এর অসহযোগ আন্দোলনে যোগ দেন। ১৯২২ খ্রিস্টাব্দে ঢাকা জেলার মহিলা প্রতিনিধি রূপে আশালতা সেন গয়া কংগ্রেসে যোগ দেন। ১৯৪২-এর আগস্ট আন্দোলনে যোগ দিয়ে তিনি কারাদণ্ড ভোগ করেন।

### কালীসুন্দরী দত্ত (বগরা) :



১৮৯৫ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন কালিসুন্দরী দত্ত। তাঁর স্বামী ছিলেন বগরা ও রাজশাহী শহরের বসন্তকুমার দত্ত। কালিসুন্দরী 'যুগান্তর' সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। ১৯৩৪-এর ১০ সেপ্টেম্বর বেঙ্গল সাপ্রেশন অফ টেররিস্ট আউটরেজেস অ্যাক্ট এবং বেঙ্গল ক্রিমিনাল ল্য অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট-এর অধীনে তাঁর ১ বছরের সশ্রম কারদণ্ড হয়। ১৯৩৪-এর ২৩ নভেম্বর অস্ত্র আইনের অধীনে তিনি পুনরায় আড়াই বছরের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। ১৯৩৬ সালে তিনি জেল থেকে মুক্তি পান।

### চারুপ্রভা সেনগুপ্ত (ময়মনসিংহ) :



১৮৯৭ সালের ২৯ মার্চ ময়মনসিংহের কাঁঠালিয়া গ্রামে জন্মগ্রহণ করেছিলেন চারুপ্রভা সেনগুপ্ত। তাঁর পিতা মহেশচন্দ্র সেনগুপ্ত ও মাতা কুসুমকুমারী দেবী। চারুপ্রভা সেনগুপ্তের বিবাহ হয়েছিল ফরিদপুর জেলার লক্ষণদিয়া গ্রামের ভারতবন্ধু সেনগুপ্তের সঙ্গে। তখন তিনি ছিলেন নবম শ্রেণির ছাত্রী। তাঁর পিত্রালয় ও শ্বশুরালয়ে শিক্ষা ছিল স্বদেশীভাবাপন্ন। তাই সহজেই তাঁর হৃদয়ের গতি এদিকেই গড়ে উঠবার সুযোগ পেয়েছিল। ১৯২৯ সালের এপ্রিল মাসে স্বামীর মৃত্যুর পর তাঁর জীবনে আসে বিপুল পরিবর্তন। ১৯৩০ সালে গান্ধীজির আহ্বান তাঁকে এতখানি বিচলিত করে যে কলেজে না গিয়ে তিনি পুরোপুরিভাবে রাজনীতিক্ষেত্রে নেমে পড়েন। পিকেটিং, বেআইনি সভা ও শোভাযাত্রায় যোগদান প্রভৃতি কাজ তিনি একাই করে যেতে থাকেন। ১৯৩০ সালের জুলাই মাসে তাঁকে রাজদ্রোহমূলক বক্তৃতা করার অভিযোগে গ্রেপ্তার ও জরিমানা করা হয়। ১৯৩২ সালের আন্দোলনে আইন অমান্য করার অভিযোগে তাঁকে পুনরায় গ্রেপ্তার করে ১৬ মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। ১৯৩৩ সালে জেল থেকে মুক্তির পর তিনি হরিজন বিদ্যালয়ের কাজে ও চরকা, খদ্দর ইত্যাদি গঠনমূলক কাজে আত্মনিয়োগ করেন। ১৯৩৬ সালে তিনি চলে আসেন কলকাতায়। ১৯৪২ সালের আন্দোলনে যোগদান করায় তিনি এবং তাঁর প্রায় সব ছেলে-মেয়েরাই গ্রেপ্তার হন। চারুপ্রভা সেনগুপ্ত নিরাপত্তা বন্দী রূপে প্রায় ১০ মাস প্রেসিডেন্সি জেলে ছিলেন। ১৯৪৩ সালে মুক্তি পাবার পর তিনি ফরিদপুর জেলায় দুর্ভিক্ষ পীড়িতদের সাহায্যের জন্য কাজ করতে থাকেন। দুঃস্থ শিশুদের জন্য গড়ে তোলেন একটি শিশুসদন। পরে এই শিশুসদন বুনিয়াদী বিদ্যালয়ে পরিণত হয় এবং তার নাম হয় 'কস্তুরবা বিদ্যামন্দির'।

### প্রভা চট্টোপাধ্যায় (ঢাকা) :



প্রভা দেবীর জন্ম হয় ১৮৯৭ সালে ঢাকা জেলার বিক্রমপুরের এক গ্রামে। তাঁর পিতা দুর্গামোহন চক্রবর্তী ও মাতা ছিলেন সরোজিনী দেবী। তাঁর বিবাহ হয় দিনাজপুর জেলার বালুরঘাটে প্রসিদ্ধ কংগ্রেস নেতা সুরেশরঞ্জন চট্টোপাধ্যায়ের সঙ্গে। স্বামীর প্রেরণায় প্রভা দেবীর মনে দেশসেবার আকাঙ্ক্ষা জাগে। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনের কিছুদিন পর মহিলাদের মধ্যে দেশাত্মবোধ জাগিয়ে তুলবার উদ্দেশ্যে তিনি বালুরঘাটের গ্রামে গ্রামে পরিভ্রমণ করতেন। ১৯২০ সালে সুরেশরঞ্জন চট্টোপাধ্যায়-এর উৎসাহে ও প্রমদাসুন্দরী দেবীর নেতৃত্বে 'বালুরঘাট মহিলা সমিতি' প্রতিষ্ঠিত হয়। মূলত বালুরঘাট মহিলা কর্মীদের স্বদেশী

আন্দোলনে অংশগ্রহণের ইতিহাস এই প্রতিষ্ঠান থেকেই সূচিত হয়। ১৯৩০ সালের ১১ এপ্রিল মহিলাদের একটি সভায় প্রভা দেবী জ্বলন্ত ভাষায় লবণ আইন আন্দোলনে যোগদান করতে প্রতিটি মহিলাকে আহ্বান করেন। ১৩ এপ্রিল প্রভা দেবীর অনুবর্তী হয়ে সভার প্রায় পাঁচশত মহিলা সেদিন লবণ আইন ভঙ্গ করেন। মহিলা কর্মীদের সহযোগিতায় বালুরঘাটে মদ-গাঁজার দোকানে, আদালতে ও স্কুলে পিকেটিং সাফল্যমণ্ডিত হয়। প্রথম সত্যাগ্রহী দলের নেত্রী প্রভা দেবী গ্রেপ্তার হন এবং ১৩ মাসের কারাদণ্ডে দণ্ডিত হন। বালুরঘাট মহিলা সমিতির কর্মীগণ ১৯৩২ সালের আইন অমান্য আন্দোলনে যোগদান করেন। তৎকালীন মহাকুমা শাসক তাঁদের সমিতির অফিসের যাবতীয় জিনিস বাজেয়াপ্ত করেছিলেন। প্রভাবতী দেবীর নেতৃত্বে সমিতির উৎসাহী কর্মীগণ শোভাযাত্রা করে কংগ্রেস প্রাঙ্গণের ভিতরে তাঁদের সমিতির অফিস দখল করতে যান। তাঁরা অগ্রসর হবার সঙ্গে সঙ্গে পুলিশ তাঁদের গ্রেপ্তার করে এবং তাঁরা কারাদণ্ডিত হন। ১৯৩১ সাল থেকে ১৯৪২ সাল পর্যন্ত দীর্ঘ ১১ বছর এই মহিলা সমিতি প্রাথমিক অবস্থায় অতি অল্প অর্থ সম্বল করে ক্রমে হাসপাতালে প্রসূতি সদনের ব্যবস্থা, অবৈতনিক পাঠশালা, শিল্পপ্রদর্শনী ইত্যাদি নানা জনসভার কাজ করে। ১৯৪২ সালে ভারতব্যাপী গণ আন্দোলনের আগুন জ্বলে উঠেছিল বালুরঘাটে, শহরের প্রায় অধিকাংশ যুবককে গ্রেপ্তার করা হয়েছিল। এই আন্দোলনে প্রভা দেবী সহ অন্যান্য মহিলা কর্মীরাও অংশগ্রহণ করেছিলেন।

### মনোরমা বসু (বরিশাল) :



১৮৯৭ সালে বরিশাল জেলার নরত্তম গ্রামে জন্মগ্রহণ করেন মনোরমা বসু, যিনি পরবর্তী সময়ে 'মাসিমা' নামে খ্যাত হন। তাঁর পিতা নীলকণ্ঠ রায় এবং মাতা প্রমোদাসুন্দরী রায় ব্রিটিশ বিরোধী স্বদেশি আন্দোলনের সাথে যুক্ত ছিলেন। মনোরমা দেবী মাত্র আট বছর বয়সেই স্বদেশী আন্দোলন সম্পর্কে জ্ঞাত হন। তিনি বঙ্গভঙ্গ প্রতিরোধ আন্দোলনে অংশগ্রহণ করেন। ১৯৩০ সালে আইন অমান্য আন্দোলনে অংশগ্রহণ করবার জন্য মনোরমা দেবীকে ছয় মাসের কারাদণ্ডে দণ্ডিত করা হয় এবং ১০০ টাকা জরিমানা ধার্য করা হয়। তিনি ১৯৩২ সালে বরিশাল শহরে তাঁর বাড়িতে মহিলাদের জন্য একটি শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করেন এবং পরবর্তী সময়ে বিপ্লবী দলে যোগদানের পর 'সোভিয়েত সুহৃদ' সমিতি গঠন করেন। আইন অমান্য আন্দোলনে যোগ দিয়ে তিনি কারাদণ্ড ভোগ করেন। ১৯৪২ সালে 'ভারত ছাড়ো' আন্দোলনের সময় অন্তরীণে আবদ্ধ থাকেন। তিনি নারী শিক্ষা প্রচার, হরিজন উন্নয়ন ও অস্পৃশ্যতা দূরীকরণ প্রভৃতি সেবামূলক কাজের সঙ্গেও যুক্ত ছিলেন।

### সুরমা মজুমদার (ময়মনসিংহ) :



১৮৯৯ সালে ময়মনসিংহে জন্মগ্রহণ করেন সুরমা মজুমদার। তাঁর পিতা ছিলেন প্রমোদকান্ত চৌধুরী। তিনি অনুশীলন সমিতির একজন সক্রিয় সদস্য ছিলেন। ১৯৩৪ সালের ২৯ জুলাই ময়মনসিংহে তাঁকে গৃহবন্দী করে রাখা হয়। ১৯৩৭ সালের ৫ নভেম্বর সুরমা মজুমদার নিঃশর্তভাবে মুক্তি লাভ করেন।

### লীলা নাগ (ঢাকা) :

১৯০০ সালে লীলা নাগ জন্মগ্রহণ করেন আসামের গোয়ালপাড়ায়। তাঁর পিতা ছিলেন রায়বাহাদুর গিরিশচন্দ্র নাগ ও মা কুঞ্জলতা নাগ। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী ছিলেন। ১৯২৩ সালের ডিসেম্বর মাসে তিনি ঢাকাতে ১২ জন সহকর্মীর সঙ্গে 'দিপালী সংঘ' নামে একটি মহিলা প্রতিষ্ঠান গড়ে তোলেন। তিনি ছিলেন তার সম্পাদিকা। 'দিপালী স্কুল'



নামে একটি উচ্চ ইংরেজি বিদ্যালয়ও তিনি স্থাপন করেন। ঢাকার বিভিন্ন স্থানে 'দিপালী সংঘ'-র উদ্যোগে বারোটি অবৈতনিক প্রাথমিক স্কুল এবং পরে 'নারী শিক্ষা মন্দির' ও 'শিক্ষাভবন' নামে আরও দুটি ইংরেজি উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। ঢাকার স্ত্রী শিক্ষা প্রচার ও ব্যবস্থার ব্যাপারে লীলা নাগের অবদান অতুলনীয়। ১৯২৫ সালে তিনি 'শ্রীসংঘ' নামে বিপ্লবী দলের সংস্পর্শে আসেন এবং এই বিপ্লবী দলে যোগদান করেন। ১৯৩০ সালে লীলা নাগের সম্পাদনায় 'জয়শ্রী' নামে মহিলাদের একটি মুখপত্র রবীন্দ্রনাথের আশীর্বাণী নিয়ে প্রকাশিত হয়। এটি মহিলাদের দ্বারা পরিচালিত ছিল এবং এর লেখকগোষ্ঠীও গঠিত ছিল প্রধানত মহিলাদের দ্বারাই। ১৯৩০ সালে লবণ সত্যাগ্রহের সময় লীলা নাগ ঢাকার মহিলাদের নিয়ে 'ঢাকা মহিলা সত্যাগ্রহ সমিতি' গঠন করেন। তাঁরা ঢাকা শহর ও জেলার বিভিন্ন অঞ্চলে সভা সমিতিতে প্রকাশ্যে লবণ তৈরি করে লবণ আইন ভঙ্গ করেন। ১৯৩০ সালে 'শ্রীসংঘ'-র দলনেতা অনিল রায়ের গ্রেপ্তারের পর সমগ্র দলের পরিচালনার দায়িত্ব এসে পড়ে লীলা নাগের উপর। ১৯৩১ সালের ২০ ডিসেম্বর লীলা নাগকে জেলে আটক রাখা হয়। ১৯৩৭ সালের অক্টোবর মাসে লীলা নাগ মুক্তি পান। নেতাজি সুভাষচন্দ্র বসুর রাজনৈতিক সহকর্মীর ভূমিকাতেও তাঁকে দেখা যায়। ১৯৪০ সালের জুলাই মাসে হলওয়েল মনুমেন্ট অপসারণের আন্দোলনে লীলা নাগ পুনরায় কারাবরণ করেন। কলকাতা ও নোয়াখালির দাঙ্গায় তিনি ত্রাণকার্যে অংশ নিয়েছিলেন। দাঙ্গার সময়ে নোয়াখালিতে তিনি গান্ধীজির সঙ্গে দেখা করেন। ১৯৪৬ সালে বাংলা থেকে ভারতীয় গণপরিষদের সদস্য নির্বাচিত হন লীলা নাগ। ভারতীয় সংবিধানের খসড়া তৈরিতে অবদান রেখেছিলেন তিনি। দেশভাগের পর তিনি পশ্চিমবঙ্গে চলে এসেছিলেন।

### ➲ বিমলপ্রতিভা দেবী (নদীয়া) :

১৯০১ সালের ডিসেম্বর মাসে কটকে বিমলপ্রতিভা দেবী জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক দেশ ছিল নদীয়া জেলার কাঁচরাপাড়া গ্রামে। পিতা সুরেন্দ্রনাথ মুখার্জি ও মাতা ইন্দুমতি দেবী। ১৯২১ সালে উর্মিলা দেবীর 'নারী কর্মমন্দির'-এ যোগদান করে তিনি বাড়ির অজ্ঞাতসারে অসহযোগ আন্দোলনের কাজ করতে থাকেন। ১৯২৭ সালে তিনি ভারত 'নওজোয়ান সভা'-র বাংলা শাখার প্রেসিডেন্ট নির্বাচিত হন। 'নওজোয়ান সভা'-র নিখিল ভারতের প্রেসিডেন্ট ছিলেন ভগৎ সিং। সেই সূত্রে বাংলার বাইরের বিপ্লবীদের সঙ্গে বিমলপ্রতিভা দেবীর যোগাযোগ স্থাপিত হয়েছিল। ১৯৩০ সালে তিনি অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে মিলিত হয়ে 'নারী সত্যাগ্রহ সমিতি' সংগঠন করেন এবং আইন অমান্য আন্দোলন পরিচালনা করেন। বিমলপ্রতিভাদেবী 'নারী সত্যাগ্রহ সমিতি'-র যুগ্ম-সম্পাদিকা ছিলেন। ১৯৩০ সালের ২২ জুন দেশবন্ধুর বার্ষিক শ্রাদ্ধতিথি দিবস পালন উপলক্ষে 'নারী সত্যাগ্রহ সমিতি' ১৪৪ ধারা ভঙ্গ করে শোভাযাত্রা পরিচালনা করবার জন্য এবং সভায় অংশগ্রহণ করাতে ২৬ জুন তাঁর ছয় মাস কারাদণ্ড হয়। এরপর তিনি ১৯৩১ সালে ২ অক্টোবর মানিকতলার ডাকাতি সম্বন্ধীয় ঘটনায় গ্রেপ্তার হন এবং ১৯৩৮ সালে তিনি মুক্তি পান। ১৯৪১ সালের ২৭ জানুয়ারি রাজদ্রোহমূলক ইস্তাহার রাখার



অভিযোগে তিনি পুনরায় গ্রেপ্তার হন এবং দুই বছর কারাদণ্ড ভোগ করেন। কারাদণ্ড ভোগ শেষ হবার সঙ্গে সঙ্গেই তাঁকে নিরাপত্তা বন্দী রূপে আটক রাখা হয় প্রেসিডেন্সি জেলে। ১৯৪৫ সালের ২৭ সেপ্টেম্বর তিনি মুক্তি পান।

### ➲ চারুশিলা জানা (মেদিনীপুর) :


Charusila Jana

১৯০১ সালে মেদিনীপুরে জন্মগ্রহণ করেন চারুশীলা দেবী। মাত্র ১১ বছর বয়সে বাসুদেবপুরের কুমারচন্দ্র জানার সঙ্গে তাঁর বিবাহ হয় এবং কুমারবাবুর সঙ্গে বহু সভা সমিতিতে তিনি যোগদান করেন। জেলার স্বাধীনতা আন্দোলনে বা স্বদেশী আন্দোলন সুতাহাটার প্রাথমিক বিদ্যার জ্ঞান নিয়ে চারুশিলা জানা ১৯৩২ সালে লবণ আইন অমান্য আন্দোলনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। ১৯৩৩ সালে সুতাহাটা থানা কংগ্রেসের সম্মেলনের সভাপতিত্ব করবার সময় পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। ১৯৪২ সালে গান্ধী আশ্রমে বিদ্যুৎ বাহিনী গঠিত হলে তাতে নেতৃত্ব দেন তিনি এবং ১৯৪৩ সালে ১০ মাস কারাদণ্ড ভোগ করেন।

### ➲ লাবণ্যপ্রভা দাশগুপ্ত (বরিশাল) :



১৯০৩ সালে বরিশালে জন্মগ্রহণ করেন লাবণ্যপ্রভা দাশগুপ্ত। তাঁর পিতা বসন্তকুমার মজুমদার। পিতার মৃত্যুর পর ঢাকা বলধিয়া গ্রামের মাতুলালয়ে থাকার সময় অতীন্দ্রনাথ সেনগুপ্ত এবং বিপ্লবী লীলা নাগের সংস্পর্শে এসে তিনি রাজনীতিতে অনুপ্রাণিত হন। ১৯২৮ খ্রিস্টাব্দে লীলা নাগের স্কুলে ভর্তি হয়ে পড়াশোনা এবং দেশের কাজে উৎসাহিত হন। ১৯৩৪ খ্রিস্টাব্দে দশম শ্রেণিতে পড়বার সময় রাজবন্দী হয়ে চার বছর আটক থাকেন। পুনরায় ১৯৪২-এর আন্দোলনে গ্রেপ্তার হয়ে ১৯৪৫ খ্রিস্টাব্দে তিনি মুক্তি পান।

### ➲ ইন্দুমতি গুহঠাকুরতা (বরিশাল) :



বরিশাল জেলার গাভা গ্রামে ঘোষ দস্তিদার পরিবারে ১৯০৫ সালে ইন্দুমতি গুহঠাকুরতা জন্মগ্রহণ করেন। তাঁর পিতা রজনীনাথ ঘোষ ও মাতা বসন্তকুমারী ঘোষ। ১৯১৬ সালে বরিশালের বানরিপাড়া গ্রামের কেদারনাথ গুহঠাকুরতার সঙ্গে তাঁর বিবাহ হয়। তাঁর দাদা রমেন্দ্রনাথ ঘোষ ছিলেন বরিশালের শঙ্কর মঠের কর্মী যা ছিল যুগান্তর দলের বিপ্লবী কর্মীদের একটি ঘাঁটি। বিপ্লবী কর্মীদের রাজনৈতিক আলোচনা ইন্দুমতি দেবীর মনে গভীর প্রভাব বিস্তার করত। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে বরিশালের কয়েকজন মহিলা এবং তাঁর মা ও বৌদির সঙ্গে ইন্দুমতি দেবীরও চরকা নিয়ে পাড়ায় পাড়ায় প্রচার করতে বেরিয়ে পড়েন। ১৯২৯ সালে ইন্দুমতি ও তাঁর কয়েকজন সহকর্মী মিলে বানরিপাড়ায় একটি মহিলা সমিতি গঠন করেন এবং তাঁত সহ বেশ কিছু শিল্পের কাজ আরম্ভ করেন এবং সেই সঙ্গে রোগীদের নানারকম সেবামূলক কাজেও তাঁরা নিজেদেরকে নিযুক্ত করেন। ১৯৩০ সালে তিনি আইন অমান্য আন্দোলনে প্রকাশ্যভাবে যোগদান করেন এবং বিভিন্ন স্থানে সভা-সমিতি পরিচালনা করতে থাকেন। ১৯৩১ সালে স্থানীয় কংগ্রেসের নির্দেশে বিলাতি কাপড় বিক্রি বন্ধ করবার জন্য ইন্দুমতি গুহঠাকুরতা এবং সরলাবালা সেন বানরিপাড়া বাজারের মধ্যে ৭ দিন অনশন করেন। এর ফলে ঐ অঞ্চলের ব্যবসায়ীগণ কংগ্রেসের সঙ্গে আপোষ

মীমাংসা করে বিলাতি কাপড় বিক্রি বন্ধ করতে রাজি হন। তারপর তাঁরা অনশন ভঙ্গ করেন। ১৯৩২ সালের আইন অমান্য আন্দোলনে ইন্দুমতি গুহঠাকুরতা অংশগ্রহ করে তিন মাস কারাদণ্ড ভোগ করেন এবং সেই সাথে তিনি দুই মাস নিজগৃহে অন্তরীণ থাকেন। পুনরায় তিনি সেপ্টেম্বর মাসে গ্রেপ্তার হয়ে ছয় মাস কারাদণ্ড ভোগ করেন। ১৯৪২ সালের আন্দোলনে ইন্দুমতি গুহঠাকুরতা পুনরায় গ্রেপ্তার হন। ১০ মাস কারাদণ্ড ভোগ করার পর তাঁকে নিজগৃহে অন্তরীণ করা হয়। ১৯৪৫ সালের অক্টোবর মাসে ইন্দুবালা গুহঠাকুরতা মুক্তি পান।

### ➲ ইন্দুসুধা ঘোষ (ময়মনসিংহ) :



১৯০৫ সালে ময়মনসিংহে জন্মগ্রহণ করেছিলেন ইন্দুসুধা ঘোষ। তাঁর বাবা ছিলেন সতীশচন্দ্র ঘোষ ও মা ছিলেন প্রিয়কুমারী দেবী। ময়মনসিংহ বিদ্যাময়ী স্কুল থেকে তিনি ম্যাট্রিক পাস করেন। তিনি শান্তিনিকেতনের কলাভবনে আচার্য নন্দলাল বসুর ছাত্রী রূপে ১৯২৬ সাল থেকে চার বছর কলাশিল্পে শিক্ষা লাভ করেন। ১৯২৬ সালে তিনি বিপ্লবী যুগান্তর দলের কর্মীদের প্রভাবে এসে রাজনৈতিক কর্মে অনুপ্রাণিত হন এবং তাঁদের সঙ্গে রাজনৈতিক কাজে যুক্ত হন। নিষিদ্ধ পুস্তক রাখা, রিভলভার রাখা এবং সংগঠন করার দায়িত্ব ছিল তাঁর উপর। শান্তিনিকেতন তাঁর পক্ষে নিরাপদ স্থান ছিল। ১৯৩২ সালে ওয়াটসন হত্যা ষড়যন্ত্র মামলার পলাতক কর্মীদের তিনি চন্দননগর, কলকাতা প্রভৃতি বিভিন্ন স্থানে আশ্রয়দান করেন। পুলিশ তাঁর সম্বন্ধেও এত তৎপর হয়ে ওঠে যে, অবশেষে ইন্দুসুধা ঘোষকেই পলাতক হয়ে জলপাইগুড়ি সামসিং নামে এক চা বাগানে চলে যেতে হয়। পুলিশ সেখান থেকে তাঁকে খুঁজে বার করে গ্রেপ্তার করলেও প্রমাণের অভাবে তিনি মামলা থেকে মুক্তি পান। এরপর তাঁকে ডেটিনিউ করে প্রেসিডেন্সি ও হিজলি জেলে আটক রাখে। ১৯৩৭ সালে তিনি মুক্তি পান।

### ➲ শান্তি দাস (শ্রীহট্ট) :



শান্তি দাস জন্মগ্রহণ করেছিলেন ১৯০৫ সালে দেরাদুনে। পৈতৃক ভূমি তাঁর শ্রীহট্ট। পিতা হৃদয়চন্দ্র দাস এবং মাতা অশোকলতা দাস। ১৯৩০ সালের আইন অমান্য আন্দোলনে যোগদান করবার জন্য গান্ধীজির আহ্বান শান্তি দাসকে প্রবলভাবে আকর্ষণ করে। ১৯৩০ সালে তিনি কলকাতায় 'নারী সত্যাগ্রহ সমিতি' সংগঠন করেন। সত্যাগ্রহ পরিচালনা করতে করতে শান্তি দাস গ্রেপ্তার হন ও কারাদণ্ড ভোগ করেন। ১৯৩০ সাল থেকে ১৯৩২ সালের মধ্যে শান্তি দাসকে বিভিন্ন স্থানে চারবার বন্দী জীবনের নির্যাতন সহ্য করতে হয়। তিনি হাসিমুখে সকল নির্যাতন বরণ করে অন্যান্য কর্মীদের মনেও প্রেরণা জাগিয়েছিলেন।

### ➲ কিরণবালা সাহা (ময়মনসিংহ) :



১৯০৫ সালে ময়মনসিংহে গোবিন্দচন্দ্র সাহার কন্যা কিরণবালা সাহা জন্মগ্রহণ করেন। তিনি অনুশীলন বিপ্লবী দলের একজন সক্রিয় সদস্যা ছিলেন। চন্দ্রগ্রাম নিতারকান্দি অস্ত্র সন্ধান মামলায় দোষী সাব্যস্ত হয়ে ১৯৩২ সালের ৩০ নভেম্বর তাঁকে দুই বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। ১৯৩৪ সালের ২৪ আগস্ট তিনি মুক্তি পান।

Vol.17, No.3

October-December, 2022



ধর্মের বেশে মোহ যারে এসে ধরে
অন্ধ সে জন মারে আর শুধু মরে,

বিধর্ম বলি যারে পরধর্মেরে,
নিজ ধর্মের অপমান করি ফেরে,...

অনেক যুগের লজ্জা ও লাঞ্ছনা
বর্বরতার বিকারবিড়ম্বনা
ধর্মের নামে আশ্রয় নিল যারা
আবর্জনায় রচে তারা নিজ কারা।
প্রলয়ের ঐ শুনি শৃঙ্গধ্বনি,
মহাকাল আসে লয়ে সম্মার্জনী।

হে ধর্মরাজ ধর্মবিকার নাশি
ধর্মমূঢ় জনেরে বাঁচাও আসি।

— রবীন্দ্রনাথ

**Gandhi Smarak Sangrahalaya**
14, Riverside Road, Barrackpore, Kolkata-700120
website : www.gandhimuseum.in • e-mail : gandhimuseum.120@gmail.com
Editor : ***Professor Jahar Sen***
Published and Printed by Dr. **Pratik Ghosh**, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya
Barrackpore, Kolkata-700 120 and Printed from Indian Art Concern, Kolkata
Subscription : ₹ 20.00